শ্রী জ্যোতি বসু ঃ আমি যা বুঝেছি আইন পড়ে এটা আমাদের কোনও রকম এক্তিয়ারের মধ্যে পড়ে না। ওদের নিয়ম হচ্ছে আইন যেভাবে আছে একটা নোটিশ আমাদের দিতে হয়। কিন্তু নোটিশ দেওয়ার পর আমাদের অনুমতি থাকলো কি থাকলো না, এটা না দেখেই তারা বাড়াতে পারে। যখন প্রশ্নটা হয়েছে তারপরে অনেক ঘটনা ঘটে গিয়েছে। সেটা হচ্ছে, ওখানের থেকে অনেক প্রতিবাদ এসেছে, সাধারণ মানুষের কাছ থেকে। আর একবার ওদেরকে বলা হয়েছে আপনারা বাড়াবেন না এত প্রতিবাদ হচ্ছে। অনেক বাড়ানো হয়েছে। তাই আমরা বলেছি যদি আমাদের বিদ্যুৎ পর্ষদের যতটুকু আছে ততটুকু বাড়ানো হয় তাহলে আমরা জনসাধারণকে এটা বুঝিয়ে বলব। তা না করে এটা করলে অন্যায় হবে। আমাদের কথা ওরা শোনেন নি।

ওরা কোর্টে গেছে এবং আমরা আমাদের আইনজ্ঞদের বলেছি যাতে করে কনটেস্ট তারা

করতে পারেন এবং আমাদের ইচ্ছা আছে এটা প্রাইভেট কোম্পানির হাতে না রেখে নিজেদের হাতে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের আণ্ডারে নিয়ে নিতে পারি।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ মালিক পক্ষের তরফ থেকে বলা হচ্ছে যখন বিদ্যুতের হার বাড়ানোর প্রস্তাব রাজ্য সরকারকে জানানো হয়েছিল তখন রাজ্য সরকার আপত্তি করেন নি—এটা কত দূর সত্য?

শ্রী জ্যোতি বসু ঃ এটা সত্য নয়। আমি বলেছি এটা একটু সময়ের ব্যাপারে আছে। ওরা বলতে পারেন—ওরা যখন প্রথম পাঠান তারপর থেকে ১ মাসের মধ্যে তাদের কাছে ঐভাবে কিছু জানানো হয়নি। তার কারণ আমি খোঁজ নিয়ে দেখেছি যে আমাদের বারণ করা সত্ত্বেও ওরা করতে পারেন। আইনের পয়েন্ট হচ্ছে নোটিশ দিতে হয়। তবে আমার ধারণা তক্ষুণি আমাদের আপত্তি করা উচিত ছিল, পরবর্তীকালে যেটা করেছি, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। আমি নিজে সেক্রেটারিকে ডেকে বলেছি ওদের ডেকে এনে পরিষ্কারভাবে বলে দিন—কিন্তু ওঁরা আমাদের কথা শোনে নি।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ আমরা সংবাদপত্রে দেখেছি বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানির মামলা হাইকোর্টে ফয়সালা হয়ে গেলেই এটা অধিগ্রহণ করার সিদ্ধান্ত মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় নিচ্ছেন—এই সম্পর্কে হাউসে যদি কিছু বলেন তাহলে ভাল হয়।

শ্রী জ্যোতি বসু ঃ আমি তো আগেই বললাম যে আমাদের ধারণা ওরা যেহেতু কোনও কথাই শুনছেন না, চলছেন না, জনসাধারণের উপর নানা রকম বোঝা চাপাচ্ছেন অন্যায় ভাবে, সেই জন্য ঐদিকে আমাদের যেতেই হবে। তবে মামলা কি হচ্ছে আমি দেখব—ঐ অঞ্চল থেকে আমার কাছে যেসব প্রতিনিধি এসেছিলেন তাদের আমি এই কথা বলেছি।

শ্রী অতীশচন্দ্র সিন্হা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি— কি কি কারণে এই কোম্পানি এত বেশি পয়সা বাড়িয়ে দেবার প্রস্তাব করেছে?

শ্রী জ্যোতি বসু ঃ সেটা আমি বলতে পারব না। ওরা বলছেন ওদের খরচ নাকি চলছে না। তবে আমার কাছে সেই দলিলটা নেই যেটা লিখে পাঠিয়ে দিয়েছেন—এটা আমি জানি না।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ ঐ কোম্পানিকে রাজ্য সরকারের দেয় অংশ কি নিয়মিত ভাবে দিয়ে আসছেন?

শ্রী জ্যোতি বসু ঃ এটা তো আলাদা প্রশ্ন। না, আমার কাছে এটা নেই, নোটিশ দিলে বলতে পারব।

শ্রী হবিবুর রহমান ঃ মালিক পক্ষের ব্যারিস্টার মাননীয় সংসদ সদস্য শ্রী সোমনাথ চট্টোপাধ্যায় আছেন—তিনি সি. পি. এম. দলের একজন সমর্থক, এই জন্যই কি সরকার এই মামলাটি ফয়সালা করতে এত দেরি করছেন—এটা কি সত্য?

শ্রী জ্যোতি বসু ঃ মালিক পক্ষের কে উকিল আছে আমি জানি না। তার সঙ্গে এটার কি সম্পর্ক? আমরা অপেক্ষা করছি, যেদিন হাইকোর্টে আসবে—আমাদের পক্ষ থেকে বোধ হয় সিনিয়র স্ট্যানডিং কাউনসিলকে মামলাটি দেওয়া হয়েছে।

মিঃ স্পিকার ঃ ২৭২ এবং ২৮১ এই দুটি রিলেটেড কোয়েশ্চেন, এক সঙ্গেই হবে।

ভগবানপুর থানায় বাহাদুরপুর গ্রামে পুলিশের গুলি

***২৭২।** (অনুমোদিত প্রশ্ন নং ***১১১।**) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২০এ ডিসেম্বর, ১৯৭৮ মেদিনীপুর জেলার ভগবানপুর থানায় বাহাদুরপুর গ্রামে পুলিশের গুলিতে দুই ব্যক্তি নিহত হয়েছেন; এবং

(খ) সত্য হলে,—

(১) ঘটনার বিবরণ কি, ও

(২) সরকার ঐ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) ২০শে ডিসেম্বর '৭৮ তারিখে বাহাদুরপুর গ্রামে ঐরূপ কোনও ঘটনা ঘটে নি, তবে ২৭-১২-৭৮ এ পুলিশের গুলিতে দু'জন নিহত হন।

(খ) (১) ও (২)

২৭-১২-৭৮ তারিখে কন্টাই-এর এস. ডি. পি. ও. কয়েকটি পুলিশ কেসের তদন্তে বাহাদুরপুর গ্রামে গিয়ে চার ব্যক্তিকে গ্রেপ্তার করে নিয়ে আসার সময় একদল লোক তাঁদের পথ আটকে ঐ বন্দিদের মুক্তি দাবি করে এবং পুলিশদলের উপর চড়াও হয়—এবং একটি বন্দুক ছিনিয়ে নেয়। প্রথমে কাঁদানে গ্যাসের সেল ছোঁড়া হয় এবং সেই সেলগুলি ফাটেনি। পর্যাপ্ত হুশিয়ারী দেওয়া সত্ত্বেও কোনও কাজ না হওয়ায় ঘটনাস্থলে উপস্থিত উর্ধ্বতন পুলিশ অফিসার গুলি চালাবার আদেশ দেন। ফলে দু'জন আহত হয় এবং শেষ পর্যন্ত হাসপাতালে মারা যান।

এ ব্যাপারে একটি পুলিশ কেস হয়েছে। বাধাদানকারী জনতার মধ্যে থেকে পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছিল। কেসটির তদন্ত চলছে। PRB ধারা অনুযায়ী Executive Enquiry-ও হবে।

ভগবানপুর ২নং ব্লকে পুলিশের গুলিচালনা

***২৮১।** (অনুমোদিত প্রশ্ন নং ***৫৮৫।**) **শ্রী কিরণময় নন্দ ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ইহা কি সত্য যে, ১৯৭৮ সালের ডিসেম্বর মাসে মেদিনীপুর জেলার ভগবানপুর ২নং ব্লকে পুলিশের গুলি চালনায় দুইজন নিহত হইয়াছেন; এবং

'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, ঐ গুলি চালনার কারণ কি?

শ্রী জ্যোতি বসু ঃ

ও (খ) ২৭-১২-৭৮'এ কাঁথির এস. ডি. পি. ও. কয়েকটি পুলিশ কেসের তদন্তে বাহাদুরপুর গ্রামে গিয়ে চার ব্যক্তিকে গ্রেপ্তার করে নিয়ে আসার সময় একদল লোক তাঁদের পথ আটকে ঐ বন্দিদের মুক্তি দাবি করে এবং পুলিশ দলের উপর চড়াও হয়। এবং একটি বন্দুক ছিনিয়ে নেয়। পর্যাপ্ত হুঁশিয়ারী দেওয়া সত্ত্বেও কোনও কাজ না হওয়ায় ঘটনাস্থলে উপস্থিত উর্ধ্বতন পুলিশ অফিসার গুলি চালাবার আদেশ দেন। ফলে দুইজন আহত হয় এবং শেষ পর্যন্ত হাসপাতালে মারা যায়।

40 – 1-50 P.M.]

শ্রী রজনীকান্ত দোলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে ৪ ব্যক্তিকে গ্রেপ্তার য়েছিল তারা কোনও দলের সমর্থক?

শ্রী জ্যোতি বসু ঃ আমার কাছে যা রিপোর্ট আছে তাতে এরা হচ্ছে, কৃষক সমিতির ার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির সমর্থক।

শ্রী রজনীকান্ত দোলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে সশস্ত্র একদল লোক াটকে ঐ বন্দিদের মুক্তি দাবি করেছিল এবং পুলিশের বন্দুক ছিনিয়ে নিয়েছিল সেই লোকগুলি কোনও দলের সমর্থক?

শ্রী জ্যোতি বসু ঃ 'সশস্ত্র' আপনি কোথায় পেলেন?

শ্রী রজনীকান্ত দোলুই ঃ ঠিক আছে, সশস্ত্র ছিল না। যারা বন্দুক ছিনিয়ে নিয়েছিল াথ আটকে বন্দিদের মুক্তির দাবি করেছিল তারা কোনও দলের সমর্থক মাননীয় মন্ত্রী জানাবেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ আমি তো বললামই, এরা কৃষক সমিতি এবং মার্ক্সবাদী কমিউনিস্ট সমর্থক।

শ্রী রজনীকান্ত দোলুই ঃ সেটা তো ঐ ৪ জনের কথা বললেন।

শ্রী জ্যোতি বসু ঃ এরাও তাই।

শ্রী রজনীকান্ত দোলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই গুলি চালনার জন্যই টাই-এর ও. সি., এস. ডি. পি. ও., সি. আই. এদের বদলির নির্দেশ দেওয়া হয়েছে?

শ্রী জ্যোতি বসু ঃ এটার জন্য এটা করা হয়েছে তা নয়। নির্দেশ দেওয়া হয়েছে অন্য

কারণে—প্রশাসনিক কারণে।

শ্রী রজনীকান্ত দোলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কারণগুলি দয়া করে বলবেন কি এবং এর সঙ্গে সঙ্গে এটাও জানাবেন কি যে এই কারণেই কি এস. পি. মেদিনীপুরকে সাসপেণ্ড করা হয়েছে?

শ্রী জ্যোতি বসু ঃ সব প্রশ্নই একসঙ্গে করে দিলেন। এস. পি'র কেস সম্পূর্ণ আলাদা, তার সঙ্গে এইসবের কোনও সম্পর্ক নেই। কারণ এখানে এসব ঘটনা ঘটার অনেক আগেই তার একটা বদলির আদেশ ছিল। তিনি অস্বীকার করেছিলেন বদলি হতে। এটা এইসব ঘটনার অনেক আগেই হয়েছিল। উনি হাইকোর্টে গিয়েছিলেন এবং হাইকোর্টের মামলায় উনি হেরে যান। তারপর যখন বদলি করা হয় তখন তিনি রিফিউজ করেন বদলি হতে। তারপরে সরকারের যা করার সেটা আমরা করেছি ওর সম্বন্ধে, উনি সাসপেণ্ড হয়েছেন। আর অন্য যে দুটির কথা বলা হচ্ছে সেটা হচ্ছে প্রশাসনিক কারণ কিন্তু এই ঘটনার সঙ্গে সরাসরি জড়িত নয়। কারণটা আমি বলতে পারব না, প্রশাসনিক কারণ।

শ্রী কিরণময় নন্দ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, এই ঘটনার তদন্ত হচ্ছে। আমার জিজ্ঞাস্য, কি ধরনের তদন্ত হচ্ছে বা কারা তদন্ত করছেন বলবেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ সেটা এখান থেকে—সি. আই. ডি. থেকে তদন্ত হচ্ছে।

শ্রী কিরণময় নন্দ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই ঘটনার কি একজিকিউটিভ তদন্ত হচ্ছে? এটা আমাদের করতেই হবে কারণ দুজন ওখানে মারা গেছেন।

শ্রী কিরণময় নন্দ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই ঘটনার বিচার বিভাগীয় তদন্তের—জুডিসিয়াল এনকোয়ারী-ব্যবস্থা করবেন কিনা?

শ্রী জ্যোতি বসু ঃ আমাদের পশ্চিমবাংলায় আইন আদালত তো সবই আছে, উঠে যায়নি, সেই অনুযায়ী যা করবার সেটা হবে।

শ্রী রজনীকান্ত দোলুই ঃ ঐ দিন রাত্রে কন্টাই-এর ও. সি'র জামাকাপড় খুলে নিয়ে তাকে আণ্ডারওয়ার পরিয়ে সারা রাত্রি বসিয়ে রাখা হয়েছিল এবং তার মাথার টুপিটা জলে ভিজিয়ে সেই টুপিটা তার মাথায় দিয়ে দেওয়া হয়েছিল এবং তিনি সারা রাত্রি ঘেরাও হয়ে বসেছিলেন এটা তিনি জানেন কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ এরকম কোনও বিবরণ আমার কাছে আসে নি কোনও সোর্স থেকে।

শ্রী কিরণময় নন্দ ঃ আমি এস. পি.র কথায় আসছি না কিন্তু কন্টাই-এর সি. আইকে, যিনি ঐ থানার চার্জে নয়, এস. ডি. পি. ও. নিয়ে গিয়েছিলেন সেই কন্টাই-এর সি. আইকে প্রশাসনিক কারনে বদলি করা হয়েছে। ১০ মাস পূর্বে যে সি. আই. কন্টাই-এ পোস্টিং পেলেন সেখানে কি প্রশাসনিক জরুরি কারণ ঘটল যে জন্য তাকে বদলি করা হল সেটা

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি

শ্রী জ্যোতি বসু ঃ সেটাই তো আপনাকে বলতে পারছি না— প্রশাসনিক কারণে ৪ মাস পরেও বদলি করা যায়।

শ্রী কিরণময় নন্দ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই সি. আই-এর যে প্রশাসনিক কারণে বদলির অর্ডার হয়েছিল সেটা এই ঘটনার আগে না পরে?

শ্রী জ্যোতি বসু ঃ আমি তো প্রশাসনিক কারণটা বলতে পারছি না। তবে ওটা পরে হয়েছে, ঐ ঘটনার পরে ঐ বদলিটা হয়েছে, এস. পি.রটা আগে হয়েছে।

শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই পুলিশের গুলি চালনার ফলে যে ২ জন ব্যক্তি নিহত হয়েছেন, তাদের পরিবারবর্গকে ক্ষতিপূরণ দেবার কোনও সিদ্ধান্ত করেছেন কি না?

শ্রী জ্যোতি বসু ঃ এখন পর্যন্ত কোনও সিদ্ধান্ত করা হয়নি।

শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বাহাদুর গ্রামের যে চার জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছিল তাঁদের অপরাধ কি?

শ্রী জ্যোতি বসু ঃ কোর্টে মামলা হচ্ছে। অপরাধ কি তার আমি কি বলব।

শ্রী রজনীকান্ত দোলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই চার জনকে পুলিশ গ্রেপ্তার করে আনবার সময়ে কিছু লোক তাঁদের মুক্তির দাবি করেছিল এবং বন্দুক ছিনিয়ে ।নয়েছিল—এতে আইন শৃঙ্খলাভঙ্গ হয়েছে বলে কি আপনি মনে করেন?

শ্রী জ্যোতি বসু ঃ ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানেও আপনার অনুমতি না নিয়ে অনশন করলেও তো আইনশৃঙ্খলা থাকেনা।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ঐ দুষ্কৃতকারী সি. পি. এম-দের গুলি করে মারার জন্য ও. সি., সি. আই., এস. পি.-র বিরুদ্ধে কোনও স্টেপ নিয়েছেন কি না?

(নো রিপ্লাই)

সাঁওতালদি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র

***২৭৪।** (অনুমোদিত প্রশ্ন নং ***২৭৬।) শ্রী এ. কে. এম. হাজানুজ্জামান ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁওতালদি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা কত;

(খ) ঐ কেন্দ্রে, (১) ১৯৭৭ সালের জুলাই মাসে এবং (২) ১৯৭৯ সালের জানুয়ারি মাসে

মোট কি পরিমাণ বিদ্যুৎ উৎপন্ন হইয়াছিল;

(গ) এই কেন্দ্রে ১৯৭৮ সালের এপ্রিল হইতে অদ্যাবধি কোনও অন্তর্ঘাতমূলক ঘটনা ঘটিয়াছিল কি; এবং

(ঘ) ঘটিয়া থাকিলে, তাহার জন্য দায়ী ব্যক্তি বা ব্যক্তিদের বিরুদ্ধে কি শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইয়াছে?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) বর্তমানে সাঁওতালদিহিতে দুইটি ইউনিট চালু আছে এবং তাহাদের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১২০ মেঃ ওঃ হিসাবে মোট ২৪০ মেগাওয়াট।

(খ) ঐ কেন্দ্রে

(১) ১৯৭৭ সালের জুলাই মাসে মোট ৯০.৭৭১ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপন্ন হয় এবং

(২) ১৯৭৯ সালের জানুয়ারি মাসে মোট ৯৬.২৩৬ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপন্ন হয়।

(গ) কিছু অস্বাভাবিক যান্ত্রিক গোলযোগ পরিলক্ষিত হয়।

(ঘ) যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছিল।

শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যান্ত্রিক গোলযোগ ছাড়া, ইতিপূর্বে অভিযোগ হয়েছিল অন্তর্ঘাত মুলক কোনও ঘটনা হয়েছিল কি না?

শ্রী জ্যোতি বসু ঃ এটাতো আমি উত্তরে বলেছি যে অস্বাভাবিক যান্ত্রিক গোলযোগ পরিলক্ষিত হয়।

শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ঐ সাঁওতালডিহি প্রকল্পে বিদ্যুৎ উৎপাদন বাড়াবার জন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

শ্রী জ্যোতি বসু ঃ তৃতীয় ইউনিট যেটা সেটা এখনও কর্মাশিয়াল কমিশনড হয়নি। ২ মাস আগে যেটা নির্মিত হয়েছে সেটার কিছু গোলযোগ দেখা দিয়েছে। এটা কেন হচ্ছে সে জন্য যাঁরা যন্ত্রপাতি দিয়েছেন সেই বি. এইচ. ই. এল. তাঁদের আমরা ডেকে এনেছিলাম এবং আমাদের সঙ্গে মিটিংয়ে বসেছিলেন। তাঁরা বলেছেন, এক মাস বা দেড় মাসের মধ্যে চালু হবে। আগে একবার চালু হয়েছিল এবং পরে বন্ধ হয়ে যায়। তারপর আবার চালু হয়েছিল, সেবারও বন্ধ হয়ে যায়। কাজেই দু'বার গোলযোগ দেখা দেয়।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন সাঁওতালডিহির জেনারেশনের কাজে অভিজ্ঞ লোককে সরিয়ে দিয়ে অনভিজ্ঞ সি. পি. এম-এর লোককে বসানো হয়েছে?

শ্রী জ্যোতি বসু ঃ কোনও সি. পি. এম-এর লোক ওখানে চাকুরি পায়নি। আগে ১২ হাজার চাকুরি পেয়েছিল কংগ্রেস এম. এল. এ-দের সুপারিশ নিয়ে।

শ্রী রজনীকান্ত দোলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন সাঁওতালডিহির উৎপাদন যাতে ব্যাহত না হয় তার জন্য ১৯৭৭ সালে জানুয়ারি পর্যন্ত কতজন পুলিশ নিয়োগ করা হয়েছিল?

শ্রী জ্যোতি বসু ঃ এই প্রশ্নটা ওই প্রসঙ্গে আসেনা। তবে একটা গোলযোগের সময় যেখানে ট্রেড ইউনিয়ন ছিল না, সেই সময় ৫৫০ থেকে ৬০০ পুলিশ কয়েকদিনের জন্য রাখা হয়েছিল যন্ত্রপাতিগুলি বাঁচাবার জন্য।

[1-50 – 2-00 P.M.]

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, বি. এইচ. ই. এল. এঁর যন্ত্রপাতি নিকৃষ্টমানের হওয়ার জন্য সাঁওতালডির বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে কি না?

শ্রী জ্যোতি বসু ঃ এটা সাধারণভাবে বলা সম্ভব নয়। তবে এই রকম অভিযোগ এসেছে, আমি দিল্লিতে গিয়ে সরকারের সঙ্গে আলোচনা করেছি এবং মিঃ ফার্নানভেজ আমাকে যত রকম সাহায্য করবার করেছেন। তৃতীয় ইউনিট যেটা, সেটা যদি চালু করা যায় তাহলে আমাদের খুব সুবিধা হয়ে যায়। দু' মাস আগে নির্মাণ কাজ শেষ হয়ে গেছে কিন্তু দু দু বার চালাতে গিয়ে কিছু অসুবিধা দেখা দিয়েছে। যার জন্য আমরা আবার ভেল-এর সঙ্গে কথা বলেছি, তারা এসেছেন, তারা এখন দেখছেন কোনও কিছু গোলযোগ আছে কি না।

শ্রী অনিল মুখার্জি ঃ মুখ্যমন্ত্রী মহাশয় একটু আগে বললেন, ওদের সরকার কয়েকদিনের মধ্যে ১২ হাজার কর্মচারীকে নিয়োগ করেছিলেন, এরা কি সবাই অদক্ষ কর্মচারী না দক্ষ কর্মচারীও নিয়োগ করেছিলেন।

(No reply)

আইনসভার সদস্যদের সহিত প্রশাসনিক বিভাগের সম্পর্ক

***২৭৫।** (অনুমোদিত প্রশ্ন নং ***৩৪৪**।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ এবং প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সংসদ ও বিভিন্ন রাজ্যের আইনসভার সদস্যদের সঙ্গে প্রশাসন বিভাগের সম্পর্ক নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তর একটি খসড়া আচরণবিধি রচনা করিয়া রাজ্য সরকারগুলিকে প্রেরণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, সংশ্লিষ্ট ক্ষেত্রে ঐ বিধি অনুসরণ করিবার জন্য রাজ্য সরকার সকল পক্ষকে অবহিত করিয়াছেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) কোনও খসড়া বিধি নহে, কেন্দ্রীয় মন্ত্রিমণ্ডল সচিবালয় (Cabinet Secretariat) সংসদ সদস্য ও বিধানসভা সদস্যগণের সহিত প্রশাসনের সম্পর্ক নিয়ন্ত্রণের উদ্দেশ্যে সরকারি কর্মচারিদের জন্য এক স্বয়ং-সম্পূর্ণ নির্দেশাবলি পশ্চিমবঙ্গ সরকারের গোচরে এনেছিলেন।

(খ) কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রেরিত উক্ত নির্দেশাবলি অনুসরণ করবার জন্য রাজ্য সরকার সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তর ও আধিকারিককে অবহিত করেছেন।

শ্রী অমলেন্দ্র রায় ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে বিধানসভার সদস্যগণের সহিত প্রশাসনের সম্পর্ক নিয়ন্ত্রণের উদ্দেশ্যে একটা স্বয়ং সম্পূর্ণ নিয়মাবলি গোচরে এনেছেন। এই নিয়মাবলি কি সেটা একটা দয়া করে বলবেন?

শ্রী জ্যোতি বসু ঃ মিঃ স্পিকার, আপনি যদি বলেন তাহলে এটা সদস্যদের কাছে পাঠিয়ে দিতে পারি, কারণ এখানে এটা বলা সম্ভব নয় কারণ বিষয়টা অনেক বড়। কেন্দ্রীয় সরকার আমাদের কাছে পাঠিয়েছে। আমরা সেক্রেটারীদের জানিয়ে দিয়েছি।

শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বিষয়টা সাইক্লোস্টাইল্ড করে পাঠিয়ে দেবার জন্য অনুরোধ করছি।

মিঃ স্পিকার ঃ মেম্বারদের মধ্যে এটা বিতরণ করা হবে।

লোড-শেডিং

***২৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬২।) শ্রী সুনীতি চট্টরাজ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জুট মিল, প্রেস প্রভৃতি ধর্মঘটের জন্য বন্ধ থাকা সত্ত্বেও এই বৎসর শীতকালে কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় লোড-শেডিং হইয়াছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) গত ২৯এ জানুয়ারি, ১৯৭৮ কেবলমাত্র কলকাতায় সকালে ও সন্ধ্যায় মোট কত মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি ছিল?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) হ্যাঁ।

(খ) সাঁওতালডিহি এবং ডি. পি. এল. বিদ্যুৎ কেন্দ্রে কিছু কিছু গণ্ডগোল, যথা Plant trouble সাময়িক কয়লার অভাবে প্রভৃতি কারণে বিদ্যুৎ উৎপাদন কম হওয়ার দরুন এই লোড শেডিং হয়েছে। এছাড়া D.V.C. ও নিয়মিত চুক্তি অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ

করেনি।

(গ) ২৯শে জানুয়ারি ১৯৭৮ সালে কলকাতায় সকাল ও সন্ধ্যায় বিদ্যুৎ ঘাটতি ছিল যথাক্রমে ২২ ও ৪০ মেগাওয়াট। কিন্তু ২৯শে জানুয়ারি ১৯৭৯ সালে ঘাটতি ছিল যথাক্রমে ১২ ওবং ৭৫ মেগাওয়াট।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ উনি বললেন জেনারেশনের গণ্ডগোল, ডিস্ট্রিবিউশনের গণ্ডগোলের জন্য লোড শেডিং হচ্ছে। আমি জিজ্ঞাসা করছি ট্রান্সমিশন লাইনের ডিফেক্টের জন্য এই লোড শেডিং হয় কি না?

শ্রী জ্যোতি বসু ঃ কখনও কখনও কোথাও কোথাও হয়।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ সেইগুলো দুর করার জন্য বিদ্যুৎ মন্ত্রী সময় দিতে পারেন কি না?

শ্রী জ্যোতি বসু ঃ সময় আমি পাচ্ছি এবং সময় দিচ্ছি।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি কলকাতার বুকে কেরোসিন তেলের লণ্ঠনে ছেলেমেয়েদের পড়াশুনা করতে হচ্ছে, এই লোড শেডিং এর জন্য। সুতরাং এই লোড শেডিং দুরীকরণের জন্য তিনি কি চিন্তা করেছেন?

শ্রী জ্যোতি বসু ঃ আমার যখন বাজেট আসবে, তখন এই সব বক্তব্য রাখবেন।

কেন্দ্রীয় অস্ত্রাগার হইতে আগ্নেয়াস্ত্র হারানো

*২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭০।) **শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকারের সশস্ত্র পুলিশ বাহিনীর কেন্দ্রীয় অস্ত্রাগার হইতে আগ্নেয়াস্ত্র খোয়া গিয়াছে; এবং

(খ) সত্য হইলে,—

(১) কি কি ধরনের কতগুলি অস্ত্রশস্ত্র খোয়া গিয়াছে, ও

(২) এইসব অস্ত্র উদ্ধারের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক + খ) অস্ত্রাগারে কিছু অস্ত্রের হিসাব মিলছে না ডি. আই. জি আর্মড পুলিশের এই প্রাথমিক অভিযোগক্রমে ব্যারাকপুর থানায় একটি মামলা করা হয়েছে। রাজ্য সি. আই. ডি. দপ্তর এই মামলার তদন্তভার গ্রহণ করেছেন। ব্যাপারটি তদন্তাধীন। ইতিমধ্যে অস্ত্রাগারে রক্ষিত সমস্ত আগ্নেয়াস্ত্র সম্পর্কে; হিসাবে নেওয়া শুরু হয়েছে—হিসাব গ্রহণ শেষ হলে প্রকৃত অবস্থা জানা যাবে।

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, অস্ত্রাগারে কিছু অস্ত্রের হিসাব মিলছে না। তাহলে মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কি কি অস্ত্রের হিসাব মিলছে না?

শ্রী জ্যোতি বসু ঃ সেগুলি পুরোপুরি হিসাব নাহলে বোঝা যাবে না, তার মধ্যে স্টেন গান আছে, অনেক কিছু আছে, সুতরাং কি কি আছে, না আছে তার পুরো হিসাব নাহলে বুঝতে পারব না।

শ্রী কিরণময় নন্দ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, একটি মামলা করা হয়েছে, তা তিনি কি বলবেন যে, কতজন লোককে আসামী করা হয়েছে?

শ্রী জ্যোতি বসু ঃ এখানে আসামী করার কোনও ব্যাপার নেই। নিয়ম অনুযায়ী মামলা রেজিষ্ট্রি করা হয়েছে। মামলা রুজু করবার পরে আসামী ইত্যাদি বলা হয়, কিন্তু এ বিষয়ে এখনও তদন্ত হচ্ছে এবং তদন্ত করবার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। তাদের রিপোর্ট পেলে কারা দোষী, কার বিরুদ্ধে কি আছে, না আছে তা বুঝতে পারব।

শ্রী রজনীকান্ত দোলুই ঃ মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে, তদন্ত করার জন্য কমিটি করা হয়েছে এবং তারা তদন্ত করছে কি কি অস্ত্র খোয়া গিয়েছে ইত্যাদি বিষয়ে। তা মাননীয় মুখ্যমন্ত্রী দয়া করে জানাবেন কি এই তদন্ত কমিটি কবে তাদের রিপোর্ট পেশ করবে?

শ্রী জ্যোতি বসু ঃ তাঁদের কোনও নির্দিষ্ট দিনের কথা বলা হয়নি। বলা হয়েছে তাড়াতাড়ি করে তদন্তের রিপোর্ট দিতে, এক্সপিডিয়াসলি রিপোর্ট দিতে।

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ হিসাব-নিকাশ নিতে গিয়ে এই জিনিস ধরা পড়েছে, মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি যে, এর আগে এ বিষয়ে হিসাব-নিকাশ করা হয়েছিল কিনা?

শ্রী জ্যোতি বসু ঃ সেটাও তদন্তের মধ্যে আছে। এটা ১ বছর দেড় বছরের ব্যাপার নয়, তদন্তে সব বেরোবে, কবে হয়েছে, কি হয়েছে ইত্যাদি।

শ্রী সন্দীপ দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, সরকার কবে জানলেন অস্ত্র খোয়া গিয়েছে এবং কবে তদন্ত কমিটি গঠন করেছেন?

শ্রী জ্যোতি বসু ঃ ঠিক তারিখটা আমার মনে নেই তবে মাস তিনেক আগে হবে।

শ্রী সন্দীপ দাস ঃ সঙ্গে সঙ্গেই কি তদন্ত কমিটি গঠন করা হয়েছে?

শ্রী জ্যোতি বসু ঃ তদন্ত কমিটি গঠনের তারিখও আমার কাছে নেই।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিম বাংলার আইন-শৃঙ্খলার যেদিন থেকে অবনতি হয়েছে সেদিন থেকে অস্ত্রাগার থেকে অস্ত্র খোয়া গেছে কিনা?

(নো রিপ্লাই)

শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, অস্ত্রাগার থেকে ইতিপূর্বে আর কখনও অস্ত্র খোয়া গিয়েছিল কিনা?

শ্রী জ্যোতি বসু ঃ আমি তো বলেছি এই জিনিস ৫ মাসের মধ্যে হয়েছে, না ৫ বছরের মধ্যে হয়েছে সেসব বিষয়ে তদন্ত হবে এবং তখন সব জানা যাবে।

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কেন্দ্রীয় অস্ত্রাগার থেকে অস্ত্র খোয়া যাবার পরিপ্রেক্ষিতে অন্যান্য যেসব অস্ত্রাগার আছে সেগুলি চেক আপ করবার কোনও নির্দেশ দিয়েছেন কি?

অধ্যক্ষ মহাশয় ঃ এই প্রশ্ন এখানে ওঠে না, এটা তো আপনার সুপারিশ।

শ্রী সুনীত চট্টরাজ ঃ ইতিমধ্যে কতগুলি খোয়া যাওয়া অস্ত্র উদ্ধার হয়েছে এবং কত ব্যক্তি অ্যারেস্ট হয়েছে, সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ এটা তো সম্পূর্ণ আলাদা প্রশ্ন। তবে মাঝে মাঝে পুলিশ রেড করে এবং কিছু কংগ্রেসির কাছে, কিছু গুণ্ডার কাছে এই সব অস্ত্রশস্ত্র পাওয়া যায়।

Starred Questions
(to which written answers were laid on the Table)

পশ্চিমবঙ্গে আই এ এস ও ডাবলিউ বি সি এস-এর কেডার স্ট্রেংথ

*২৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯২।) **শ্রী অনিল মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে (১) আই এ এস এবং (২) ডাবলিউ বি সি এস-এর কেডার স্ট্রেংথ কত;

(খ) এই পর্যায়ের সরকারি কর্মচারিদের বদলীর জন্য কি কি নিয়মাবলি আছে; এবং

(গ) এই বিভাগের অন্যান্য কর্মচারিদের বদলীর জন্য কি কি নিয়মাবলি আছে?

স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১। আই. এ. এস. — ২৬৪

২। ডবলিউ. বি. সি. এস. — ১৫৭৫

(খ) ও (গ) বিধিবদ্ধ কোনও নিয়ম নাই। তবে প্রচলিত রীতি অনুযায়ী তিন বৎসর অন্তর সাধারণত বদলী করা হয়ে থাকে। এই রীতি এই বিভাগের অধীনস্থ সর্ব শ্রেণীর কর্মচারীর ক্ষেত্রেই প্রযোজ্য।

ভারত-বাংলাদেশ সীমান্তে চুরি ও ডাকাতি

***২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৭।) শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালে নদীয়া জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে কতগুলি চুরি এবং ডাকাতি হইয়াছে;

(খ) উক্ত ঘটনায় (১) কতজন আহত বা নিহত হইয়াছেন এবং (২) কতগুলি গো-মহিষ বা কত টাকার সম্পত্তি চুরি হইয়াছে; এবং

(গ) উক্ত ঘটনায় জড়িত এরূপ কতজন দুষ্কৃতকারীকে গ্রেপ্তার করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) মোট ৩ শত ৭টি চুরি এবং ৮ টি ডাকাতির খবর পাওয়া গিয়াছে;

(খ) ১। মোট ২৪ জন আহত এবং ৭ জন নিহত হওয়ার খবর জানা গিয়েছে;

২। মোট ২ শত ৫৭টি গরু চুরি এবং মোট ৯৩ হাজার ৩ শত ২৬ টাকার মাল উপরোক্ত চুরি এবং ডাকাতির ফলে অপহৃত হয়েছে বলে অনুমান করা হচ্ছে;

(গ) মোট ২ শত ৬৫ জনকে গ্রেপ্তার করা হয়।

পশ্চিমবঙ্গে থানার সংখ্যাবৃদ্ধির পরিকল্পনা

***২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৫।) শ্রী জন্মেজয় ওঝা ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে থানার সংখ্যা কত;

(খ) লোকসংখ্যা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে থানার সংখ্যা, এবং থানায় অফিসার ও কনস্টেবলদের সংখ্যা বাড়াইবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) কর্মকুশলতা বৃদ্ধির জন্য মফস্বলে নিযুক্ত পুলিশদের সাইকেল বা সাইকেল অ্যালাউন্স দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৩৬৮টি।

(খ) আছে।

(গ) সাইকেল দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের বর্তমানে নেই। শুধু মফস্বল থানার এ. এস. আই-রা পাঁচ টাকা করে সাইকেল "অ্যালাউন্স" পায়। অন্য কাউকে এ "অ্যালাউন্স" দেওয়ার প্রস্তাব সরকারের কাছে বর্তমানে নাই।

রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিভিন্ন বিভাগে মালপত্রের অভাব

***২৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং ***৮৭০**।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রয়োজনীয় মালপত্রের অভাবে রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিভিন্ন বিভাগের কাজকর্মে অসুবিধার সৃষ্টি হইতেছে; এবং

(খ) সত্য হইলে,—

(১) কি কি মালপত্রের অভাব অনুভূত হইতেছে,

(২) ঐ অভাবের কারণ কি, ও

(৩) সমস্যার সমাধানে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছেন?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, মাঝে মাঝে অসুবিধা হয়ে থাকে।

(খ) (১) কয়লা, তেল, রাসায়নিক দ্রব্য, অতিরিক্ত যন্ত্রাংশ, সিমেন্ট পরিবাহী অ্যালুমিনিয়াম তার এবং খুঁটি ইত্যাদি একান্ত প্রয়োজনীয় দ্রব্যাদির অভাব অনুভূত হচ্ছে।

(২) কয়লা এবং তেলের সঙ্কট প্রধানত রেলওয়ে ওয়াগনের স্বল্পতার জন্যই রাসায়নিক দ্রব্যাদির অভাব, পরিবর্তনশীল বাজারের দরুন; উপযুক্ত মানের যন্ত্রাংশ সময়মতো পাওয়া যায় না, ইস্পাত এবং সিমেন্টের সরবরাহ প্রয়োজনের তুলনায় কম। বিদ্যুৎ পরিবাহী অ্যালুমিনিয়াম তারের সরবরাহ অ্যালুমিনিয়ামের অভাবের জন্যই বিঘ্নিত। খুঁটির সরবরাহ চাহিদার তুলনায় অপ্রতুল।

(৩) কয়লার যোগানের উন্নতির জন্য বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদ ওয়াগনের ব্যবস্থা করা এবং তাদের সময়মতো চলাচলের ব্যাপারে একটি ক্ষুদ্র সেল গঠন করেছে। অন্যান্য দ্রব্যাদির জরুরি ভিত্তিতে কেনার ব্যবস্থা হয়েছে। খুঁটির সরবরাহ বৃদ্ধির জন্য অতিরিক্ত খুঁটি ঢালাই কেন্দ্র স্থাপনের ব্যবস্থা করা হচ্ছে।

শহরে ও গ্রামে বিদ্যুৎ মাশুলের হারের তারতম্য

***২৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং ***৯৯৯**।) **শ্রী সন্দীপ দাস ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার শহরে এবং গ্রামে বিদ্যুৎ মাসুলের হারের কোনও তারতম্য আছে কি; এবং

(খ) থাকিলে,—

(১) এই তারতম্যের পরিমাণ কত, ও

(২) এই তারতম্যের কারণ কি?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবাংলার শহরে এবং গ্রামে রাজ্য বিদ্যুৎ পর্যদ কর্তৃক পরিবেশিত বিদ্যুৎ মাসুলের হারের কোনও তারতম্য নাই।

(খ) (১) এই প্রশ্ন ওঠে না।

(২) এই প্রশ্নও ওঠে না।

দক্ষিণ কলকাতায় জনৈক ব্যক্তির অপহরণ ও হত্যা

***২৯০।** (অনুমোদিত প্রশ্ন নং ***১১৫৭।**) **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ও শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ১১ই ফেব্রুয়ারি, ১৯৭৯, রবিবার, আনুমানিক রাত্রি ৮-৪৫ মিঃ সময়ে কিছু দুষ্কৃতকারী দক্ষিণ কলকাতার প্রিয়া সিনেমার সামনে থেকে রানা দত্ত চৌধুরি নামে একজন ছেলেকে অপহরণ করে নিয়ে যায় এবং পরে তাকে নৃশংসভাবে হত্যা করে; এবং

(খ) অবগত থাকিলে,—

(১) উক্ত হত্যার ব্যাপারে এ পর্যন্ত কতজনকে গ্রেপ্তার করা হয়েছে,

(২) উক্ত বিষয়ে মামলাটি বর্তমানে কি অবস্থায় আছে, ও

(৩) দুষ্কৃতকারী ও নিহত ব্যক্তিদের রাজনৈতিক দলভুক্তি সম্বন্ধে কোনও তথ্য সরকারের নিকট আছে কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) এ পর্যন্ত কোনও গ্রেপ্তার হয়নি।

(২) এ সম্পর্কে দুটি মামলাই তদন্তাধীন আছে;

(৩) এদের রাজনৈতিক মতবাদ সম্বন্ধে কিছু জানা যায় নি।

বিদ্যুৎ ঘাটতি

***২৯২।** (অনুমোদিত প্রশ্ন নং ***৩২৮।**) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী

মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিদ্যুৎ ঘাটতি কবে নাগাদ কমবে বলে আশা করা যায়; এবং

(খ) এই ব্যাপারে কেন্দ্রের নিকট হইতে কি সাহায্য পাওয়া গিয়াছে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবঙ্গে বর্তমান বিদ্যুৎ ঘাটতি এই বছরে ৫টি গ্যাসটারবাইন সেট চালু হলে কমবে বলে আশা করা যায়।

(খ) কেন্দ্র ৫টি গ্যাসটারবাইন সেট চালু করিবার অনুমতি দিয়াছেন এবং ৫টি গ্যাসটারবাইন আমদানি করিবার ব্যাপারে এইটি ছাড় মঞ্জুর করিয়াছেন।

মৃতদেহের মস্তক ছেদন

***২৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং ***৫৮২।**) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রায় দুই বৎসর পূর্বে বর্ধমান জেলার কাটোয়া থানার অন্তর্গত হরিপুর গ্রামে এবং আনুমানিক এক বৎসর পূর্বে মুর্শিদাবাদ জেলার ভরতপুর থানার সালার এলাকায় মৃতদেহের মস্তক কাটার অপরাধে একটি করিয়া কেস দায়ের হইয়াছিল;

(খ) সত্য হইলে, উক্ত মামলাগুলি বর্তমানে কি অবস্থায় আছে;

(গ) ইহা কি সত্য যে, প্রথমোক্ত ঘটনাস্থলের গ্রামবাসীগণ উক্ত গ্রামের কবর হইতে প্রায়ই মৃতদেহের মস্তক চুরি যায় বলিয়া অভিযোগ করিয়া এবং ইহার বিহিত ব্যবস্থা করার অনুরোধ জানাইয়া মাননীয় মুখ্যমন্ত্রীর নিকট দরখাস্ত করিয়াছিলেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী তদন্তের জন্য বর্ধমানের জেলা ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দিয়াছিলেন; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত তদন্তের ফলাফল কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) উপযুক্ত সাক্ষ্য প্রমাণের অভাবে উপরোক্ত মামলাগুলি অনুসন্ধানের পর ফাইনাল রিপোর্ট হয়ে যায়।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

Conditions of service of staff under CMDA vis-a-vis staff of Public Works (Roads)

***295.** (Admitted question No. ***706.**) **Shri Suniti Chattaraj :** Will the Minister-in-charge of the Public Works (M.D.) Department be pleased to state that—

(a) is there any difference between the scales of pay of staff under CMDA and those under P.W. (Roads) Department performing similar duties; and

(b) if it is a fact that of late the employees appointed directly under CMDA are being promoted to higher posts in supersession of staff on deputation there P.W. (Roads) Department ?

Minister-in-charge of the P.W. (M.D.) Deptt :

(a) There is no difference in the scales of pay for any categories of posts excepting the posts of Accounts Assistants.

(b) Till the latter part of 1978, both the directly recruited employees and the deputationists, including these from P.W. (Roads) Deptt. had been promoted to higher posts according to quota based on their representation in the base posts. Thereafter some of the directly recruited employees have been given promotion, but the promotion of the deputationists have been kept pending till a firm policy guiding the promotion of the deputationists is chalked out on receipt of report of a Committee set up by C.M.D.A. to go into the question of promotion of the Deputationists in that organisation.

Some promotion posts have been kept reserved for the deputationists which would be filled up by them on the basis of the policy decision to be taken on receipt of report of the said Committee, which is expected shortly. In view of this it cannot be said that the employees appointed directly under C.M.D.A. are being promoted to higher posts in supersession of staff on deputation there from P.W. (Roads) Deptt.

[2-00 – 2-10 P.M.]

শ্রী অনিল মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ১৯৭২ সালে যে নির্বাচন হয়েছে ....

মিঃ স্পিকার ঃ কোয়েশ্চেন আওয়ার ওভার হয়ে গেছে। সুতরাং আর কোনও সাপলিমেন্টারি হবে না। আপনি বসুন।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ ওনার মাথায় ঘৃত কুমারীর তেল দিন।

শ্রী অনিল মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা পশু-শালা নয়। ওনাকে বের করে দিন।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য জানতাম সভ্য, উনি পশু-শালা বলে যে উক্তি করেছেন তার প্রতি আমি অবজেকশন দিচ্ছি। উনি নিজেকে পশু বলুন ক্ষতি নেই, কিন্তু আমাকে পশু বললেন কেন?

শ্রী কমলকান্তি গুহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েকদিন ধরে লক্ষ্য করছি যে, মাননীয় সদস্য শ্রী সুনীতি চট্টরাজ মহাশয় এমন এক-একটি উক্তি করেন, এমন এক-একটি অঙ্গ-ভঙ্গি করেন, এমন একটা অবস্থায় হাউসকে নিয়ে যেতে চান এতে আমাদের ধৈর্য্যের সীমা কতদিন থাকবে তা বলা মুশকিল। আমরা যারা সরকার পক্ষে আছি, আমরা চাই বিরোধী পক্ষরা সমস্ত রকম সুযোগ-সুবিধা পান কিন্তু এমন একটা জায়গায় নিয়ে যেতে চান বিরোধী পক্ষরা উনি মাননীয় সদস্য অনিল মুখার্জি সম্বন্ধে উক্তি করার পরে মাননীয় সদস্য বলেছেন যে এটা পশু-শালা নয় এই রকম ধরনের কথা বলেছেন। এ সম্বন্ধে আমি পরিষ্কার বলতে চাই যে আমাদের ধৈর্য্যের সীমা আছে। এর পরে কিন্তু আমরা সরকার পক্ষে থাকি বা যে পক্ষেই থাকি তখন কিন্তু আমরা বেশি দূর যেতে দেব না।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি হুমকি দিলেন? তার হুমকিকে আমি ভয় করি না।

মিঃ স্পিকার ঃ আপনি যে উক্তি করেছেন সেটা ভাল নয়।

শ্রী অমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রী শ্রী কমল গুহ মহাশয় যে বক্তব্য রেখেছেন আমি সেই বক্তব্যকে পুরোপুরি সমর্থন করি। কারণ আমরা এই হাউসে বিগত কয়েকদিন ধরে দেখছি, যে মাননীয় সদস্য-এর কথা উনি বললেন—ঐ সদস্য সময়ে সময়ে এই হাউসে এমন সব উক্তি করেন বিভিন্ন সদস্য সমার্কে যেটা কখনও করা যায় না—আপনাকেও উনি সময়ে সময়ে ধমকান, সুতরাং এটা বরদাস্ত করা যায় না। কাজেই আমি বিরোধীদলের নেতাদের অনুরোধ করব যে, যে আচরণ সমর্থনযোগ্য সেই রকম আচরণ করার জন্য আপনারা সেটা আলোচনা করে, তাঁকে যেন সমঝে দেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি নিজেও সময় সময় এই রকম আচরণ দেখিয়েছেন। আজকে কমল গুহ মহাশয় উনি প্রবীণ সদস্য, আবার মন্ত্রিত্বেও আছেন—তিনি যদি পরোক্ষভাবে হুমকি দিয়ে থাকেন তাহলে আমরা তাঁকে সবিনয়ে নিবেদন করতে চাই যে, পরিণতি যেদিকে যাবে তারজন্য পুরো দায়িত্ব তাঁদের উপর বর্তাবে। মাননীয় সদস্য শ্রী অমলেন্দ্র রায় মহাশয় যে কথা বললেন সেটাও আমি গর্হিত বলে মনে করি। এই

ব্যাপারে আমি আপনার কাছে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা চাই পার্লামেন্টারি রীতি অনুযায়ী এই হাউস চলুক, আজকে সুনীতিবাবু যে কথা বলেছেন আপনি নিশ্চয় সেটা রেকর্ড দেখবেন, আপনার যদি নজরে আসে ওঁর আচরণ এবং উক্তি পার্লামেন্টারি রীতি বহির্ভূত তাহলে আপনি সেটা মেন্ট করবেন, আমি জিজ্ঞাসা করছি কতবার সুনীতিবাবুর বিরুদ্ধে এ কথা বলা হয়েছে? আজকে একজনকে অহেতুক দোষী সাব্যস্ত করে এই হাউসের আবহাওয়া তিক্ত করা ঠিক নয়।

শ্রী রজনীকান্ত দোলুই ঃ আজকে যেকথা সুনীতিবাবুর সম্বন্ধে উঠেছে আমরা লক্ষ্য করছি এখানে শচীনবাবু, বীরেণবাবু এবং অমলবাবু যেসব কথাবার্তা বলেন এবং যেসব উক্তি করেন তাতে ওঁর বক্তব্য যদি আপনি মনে করেন সভার পক্ষে ক্ষতিকর, তাহলে ওঁদের বক্তব্য সভার পক্ষে ক্ষতিকর। আজকে যেভাবে ওদিকে থেকে অশান্ত করার চেষ্টা হচ্ছে সেটা ঠিক নয়। আপনাকে উপদেশ দেবার মতো ক্ষমতা আমার নেই, আপনার প্রতি সম্পূর্ণ আস্থা আমাদের আছে, সুতরাং আশা করব আপনি উভয় পক্ষকেই দেখবেন।

শ্রী হরিপদ ভারতী ঃ স্যার, আমার বক্তব্য হচ্ছে বিধানসভায় সরকার পক্ষ হোক কিম্বা বিরোধী পক্ষই হোক কোনও মাননীয় সদস্যই এমন কোনও বক্তব্য রাখবেন না যেটা অশালীন হবে এবং আমিও তার সমর্থন করিনা, আমি বিরোধীপক্ষের বক্তাদের অনুরোধ করব তাঁরা এমন কোনও বক্তব্য রাখবেন না বা ব্যবহার করবেন না যেটা অশালীন হতে পারে। কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা বলব শুধু বিরোধীপক্ষের কোনও সদস্য এইরকম বক্তব্য রাখছেন বা ব্যবহার করছেন এটা হাউসের নজির নয়। আমরা দেখছি সরকার পক্ষের এমন অনেক ব্যক্তি আছেন এবং মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে বললেন সেগুলি সত্যই শালীনতা বিরোধী নয়। এইমাত্র কমলবাবু যেভাবে বললেন তাতে তিনি সমস্ত বিরোধীদলের প্রতি যেভাবে কটাক্ষ করে ভীতি প্রদর্শন করেছেন এটা দুঃখজনক বলে মনে করি। তিনি সরকার পক্ষের মন্ত্রী, তাঁর শক্তি অনেক কিন্তু তাঁর সহ্যশক্তি শক্তির সঙ্গে সঙ্গে বেশি থাকবে এটাই আশা করি। তিনি যদি এত অধৈর্য হন তাহলে আমাদের পক্ষে মুশকিল।

ADJOURNMENT MOTION

মিঃ স্পিকার ঃ আমি আজ সর্বশ্রী বিজয় বাউড়ি ও সামসুদ্দীন আহমেদের কাছ থেকে দুটো মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রস্তাব দুটোতে যথাক্রমে শ্রী বাউড়ি চেতলায় দুই সমাজ বিরোধী দলের সংঘর্ষ সম্পর্কে এবং শ্রী আহমেদ মেদিনীপুর জেলার খাটন ব্লকে আইন ও শৃঙ্খলার অবনতি সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন।

দুটো মুলতুবি প্রস্তাবই সাধারণ প্রশাসন সম্পর্কে এবং আইন ও শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত। প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে। তা ছাড়া সদস্যরা আগামী পুলিশ বাজেট বিতর্কের সময় এই বিষয়ে আলোচনা করার যথেষ্ট সুযোগ পাবেন।

তাই আমি দুটো প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

তবে সদস্যরা ইচ্ছে করলে সংশোধিত প্রস্তাবগুলো পড়তে পারেন।

[2-10 – 2-20 P.M.]

শ্রী বিজয় বাউরী ঃ স্যার, চেতলায় জনসাধারণের বিরুদ্ধে অত্যাচারের অভিযোগ সম্পর্কে আমি একটা মুলতুবি প্রস্তাব উত্থাপন করেছিলাম কিন্তু আপনি এমন ভাবে এডিট করেছেন যে বিষয়বস্তুই পাল্টে গেছে। যাই হোক তবুও আমি পড়ছি—গত ৮ই মার্চ চেতলায় জনতা ও পুলিশের সংঘর্ষ হয়। বিবাদমান দুই সমাজ বিরোধী দলকে নিরস্ত করার জন্য পুলিশ কয়েক রাউণ্ড গুলি ও কাঁদানে গ্যাস ছোঁড়ে এবং সংশ্লিষ্ট এলাকায় শান্তি প্রিয় বাসিন্দাদের গ্রেপ্তার ও প্রহার করে। স্থানীয় দুর্বৃত্তদের গ্রেপ্তারের জন্য দক্ষিণ কলকাতার ডি. সি'র কাছে বহুবার দরবার করা হয়েছে। কিন্তু পুলিশ নির্বিকার।

সমাজ বিরোধীদের ছেড়ে দিয়ে সাধারণ শান্তি প্রিয় মানুষের উপর পুলিশের এই অত্যাচারের গুরুতর পরিস্থিতির উদ্ভব হয়েছে।

Shri Shamsuddin Ahmad : Sir, this House do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurance, namely—"The law and order situation throughout the State of West Bengal has deteriorated. The activities of the Gana Adalat of Datan Block 2 of Midnapur district have created an atmosphere of terror. Corporal punishment, imposition of fines, damage of crops of the land and forcible registration of land, realisation of illegal subscriptions, barga recording, are instances of harrible activities of gana adalat. Women are ill-treated invarious ways. Peace loving people have on security. This situation prevails throughout West Bengal.

স্যার, এখানে আমি বলতে চেয়েছিলাম সিমপ্লি ল্য অ্যাণ্ড অর্ডারের প্রশ্ন, এটা এমনভাবে দাঁড়াচ্ছে যে সি. পি. এম. বিভিন্ন নাম দিয়ে কোনও জায়গায় সেক্রেটারি কোনও জায়গায় লোকাল সেক্রেটারি ইত্যাদি হিসাবে সই করে গণ আদালাতের নামে নোটিশ দিচ্ছে।

মিঃ স্পিকার ঃ এইগুলি বলা যায় না। আপনি যদি একটা লোকের নাম বলেন তাহলে সেই লোক আসামী হয়ে গেল, পার্লামেন্টারি প্র্যাকটিশ তা নয়,

STATEMENT ON CALLING ATTENTION

শ্রী জ্যোতি বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুনীল বসু রায় এবং অন্যান্য কয়েকজন গত ২৪.২.৭৯ তারিখে বর্ধমান শহরে ছাত্র বিক্ষোভ এবং ছাত্রদের উপর লাঠি চালনা ও কাঁদুনে গ্যাস প্রয়োগের ঘটনা সম্পর্কে যে দৃষ্টি আকর্ষণী নোটিশ দিয়েছেন সে সম্পর্কে আমি নিম্নবর্ণিত বিবৃতি দিতে চাই—

২৪.২.৭৯ তারিখে বাসভাড়া নিয়ে মহারাজ বিজয়চাঁদ ইনস্টিটিউট অব্ টেকনোলজির একজন ছাত্রের সঙ্গে একজন বাস কণ্ডাক্টরের ঝগড়া হয়। বাসটি বর্ধমান রেল স্টেশনে এলে

ছাত্রটি বাস থেকে নেমে তার শিক্ষা প্রতিষ্ঠানে যায় এবং সেখানে অন্যান্য ছাত্রদের নিকট ঘটনাটি বলে। তখন একদল ছাত্র বিজয় তোরণ বাস স্ট্যাণ্ডে এসে উক্ত বাসের মালিক ও কর্মীদের সঙ্গে বচসায় লিপ্ত হয়। খবর পেয়ে পুলিশের একজন সাব-ইনস্পেক্টর কিছু সংখ্যক পুলিশ সহ ঘটনা স্থলে আসেন এবং উভয় পক্ষকে বিষয়টি আপোসে মিটিয়ে দেওয়ার জন্য থানায় নিয়ে যায়। কথাবার্তা চলাকালীন থানায় খবর আসে যে ছাত্র ও বাস কর্মীদের মধ্যে সংঘর্ষ হচ্ছে। তখন থানার ভারপ্রাপ্ত পুলিশ ইন্সপেক্টর তাঁর দলবল সহ বেরিয়ে পড়ে কিন্তু ছাত্র এবং হকাররা পথ অবরোধ করে থাকায় তিনি বিজয় তোরণ পর্যন্ত যেতে পারেন না। এইভাবে রাস্তা অবরোধের ফলে জি. টি. রোডে গাড়ি চলাচল বন্ধ হয়ে অচল অবস্থার সৃষ্টি হয়। ছাত্র ও হকাররা ছাত্র নিগ্রহকারী বাস কর্মীদের গ্রেপ্তারের দাবি জানাতে থাকে।

খবর পেয়ে বর্ধমান সদরের মহকুমা শাসক ঘটনা স্থলে উপস্থিত হয়ে জনতাকে শান্ত হতে বলেন, কিন্তু কোনও কাজ হয় না। উত্তেজিত ছাত্র মহকুমা শাসকের কাছে বাস ইউনিয়নের কর্তাব্যক্তিদের গ্রেপ্তারের দাবি জানাতে থাকে। লিখিত অভিযোগ পেলে সে সম্পর্কে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে মহকুমা শাসক তাঁদের আশ্বাস দেন। এমন সময় আই এন টি ইউ সি নিয়ন্ত্রিত বাস পরিবহন শ্রমিক সংস্থার সহ-সম্পাদক মহম্মদ সোলেমান যিনি বাস মালিকদের হয়ে থানায় গিয়েছিলেন তিনি ঘটনাস্থলে আসা মাত্রই তাঁকে দেখে বিক্ষোভকারীরা অশান্ত হয়ে উঠে। মহকুমা শাসকের নির্দেশে ইউনিয়নের উপরোক্ত কর্তাব্যক্তিটিকে গ্রেপ্তার করে অপেক্ষারত পুলিশের গাড়িতে তোলা হয়, কিন্তু বিক্ষোভকারীদের এক অংশ পুলিশকে বাধা দেবার চেষ্টা করে এবং বাস ইউনিয়নের অন্যান্য কর্তাব্যক্তিদেরও গ্রেপ্তার করার দাবি জানাতে থাকে। এরই মধ্যে অতিরিক্ত পুলিশ সুপার (সদর) ঘটনা স্থলে উপস্থিত হন। প্রায় ৫ হাজার বিক্ষোভকারী সিন্ডিকেট অফিসে বিক্ষোভ দেখাতে থাকে। অতিরিক্ত পুলিশ সুপার (সদর) বিক্ষোভকারীদের বার বার সাবধান করা সত্ত্বেও কোনও কাজ না হওয়ায় প্রথমে ২ রাউণ্ড কাঁদানে গ্যাস ও তারপর লাঠি চালনা করে অবস্থা আয়ত্তে আনতে হয়। এর ফলে বর্ধমান জেলা ইউনিট—এস. এফ. আই-এর সম্পাদক ও রাজ্য ইউনিটের যুগ্ম সম্পাদক বিশিষ্ট ছাত্র নেতা শ্রী অমল হালদার ও অন্য আর একজন ছাত্র আহত হয়। এস. এফ. আই-এর নির্দেশে আনুমানিক ৩-৩-মিঃ বিজয়চাঁদ রোডে এবং বাস স্ট্যাণ্ডে পথসভা হয়। পুলিশের লাঠি চালনার নিন্দা করা হয় এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ২৭.২.৭৯ তারিখে ধর্মঘট করার যে আহ্বান জানানো হয় তা শান্তিপূর্ণভাবে পালিত হয়।

এই ঘটনার উপর ছাত্রদের অভিযোগের ভিত্তিতে বাসকর্মীদের বিরুদ্ধে দুইটি, বাসকর্মীদের অভিযোগে ছাত্রদের বিরুদ্ধে একটি এবং পুলিশের লোককে মারধোর, বাসের ক্ষতি করা প্রভৃতির জন্য পুলিশের তরফ (সুয়ো মটো) একটি—মোট চারটি কেস করা হয়েছে। দু'জন ছাত্র এবং দু'জন বাসকর্মী গ্রেপ্তার হয় এবং পরে তারা জামিনে মুক্ত হয়েছে। ১৪ জন পুলিশের লোক আহত হয় এবং তাদের হাসপাতালে চিকিৎসা করতে হয়। পক্ষান্তরে দু'জন ছাত্র আহত হয়ে হাসপাতালে গিয়েছিলেন।

Statement on Calling Attention

মিঃ স্পিকার ঃ এরপরে আমি স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে

কলকাতা ও তাহার চারপাশে গোয়েন্দাগিরির ঘটনা বৃদ্ধির অভিযোগ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি। ৬ই মার্চ, ১৯৭৯ তারিখে শ্রী সন্দীপ দাস উক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, in response to the Calling Attention Notice given by Shri Sandip Das, MLA, regarding alarming expansion of foreign espionage in and around Calcutta and reported arrest of few officials of an International Commercial Organisation, I want to make the following statement :

There is no information of an alarming expansion of espionage in and around Calcutta with the Government. However, an Iranian national of 20, Park Mansion, Park Street, Calcutta-16 was arrested by the Special Branch, Delhi in a case registered in Delhi on 5.1.79 u/s 120B IPC and sections 3,5 and 9 of the Official Secrets Act, on 16.1.79. Incriminating documents are reported to have been seized in course of the search at his residence. He was flown to Delhi in the custody of the Investigating Officer for production before the Chief Metropolitan Magistrate, New Delhi. Delhi Police has been investigating into the case. There is no further information with the State Government about this matter.

CALLING ATTENTION

মিঃ স্পিকার ঃ আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা ঃ-

১। বেলেঘাটা পূর্ব কলকাতা বিদ্যায়তনের শিক্ষক ও কর্মীদের বেতন না দেওয়া—এ সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করেছেন শ্রী সেখ ইমাজুদ্দিন এবং শ্রী সামসুদ্দিন আহমেদ।

২। চেতলায় দুই দল লোকের মধ্যে সংঘর্ষ—এ সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করেছেন শ্রী ধীরেন্দ্র নাথ সরকার, শ্রী হাবিবুর রহমান, শ্রী সেখ ইমাজুদ্দিন, শ্রী সামসুদ্দিন আহমেদ এবং মহঃ সোহরাব।

৩। চিত্তরঞ্জন এভিনিউএ এক সিনেমা হলের ছবির রিল লুট—এ সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করেছেন—শ্রী সামসুদ্দিন আহমেদ, শ্রী হাবিবুর রহমান এবং শ্রী ধীরেন্দ্রনাথ সরকার।

৪। শহীদ মিনারে ট্যাক্সি মালিক ও চালকদের সভায় মারপিট—এ সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করেছেন—শ্রী সেখ ইমাজুদ্দিন এবং শ্রী সামসুদ্দিন আহমেদ।

৫। ২১ শে মার্চ থেকে স্পনসর্ড কলেজ কর্মীদের লাগাতার ধর্মঘট—এ সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করেছেন—শ্রী মহঃ সোহরাব।

৬। ইস্টার্ন কোল ফিল্ডসের কেন্দা এরিয়ায় সরকারি গাড়ির বেআইনি ব্যবহার—এ সম্বন্ধে

দৃষ্টি আকর্ষণ করেছেন—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ও শ্রী শান্তিরাম মাহাতো।

৭। মুর্শিদাবাদ জেলায় ব্যাপক ডাকাতি—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস।

আমি ২১শে মার্চ থেকে স্পনসর্ড কলেজ কর্মীদের লাগাতার ধর্মঘটের বিষয়ের উপর শ্রী মহঃ সোহরাব কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি। সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয়, যদি সম্ভব হয়, ওই বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ আমি ১৪ই মার্চ জবাব দেব।

মিঃ স্পিকার ঃ এবারে আমি বিজনেস অ্যাডভাইসরি কমিটির রিপোর্ট সভার অনুমোদনের জন্য আপনাদের কাছে পেশ করছি।

PRESENTATION OF REPORT

Revised Programme of Business Advisory Committee

Monday, 12-3-79—11.00 a.m.

(i) Demand No. 65 (331—Water and Power Development Services)

(ii) Demand No. 66 (332—Multipurpose River Projects
333—Irrigation, Navigation Drainage and Flood Control Projects
532—Capital Outlay on Multipurpose River Projects
533—Capital on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects) .. **30 Minutes**

(iii) The Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing) .. **1.5 hours**

There will be no Oral Questions, Calling Attention or Mention Cases on the 12th March, 1979

Wednesday, 14-3-79

(i) Demand No. 74 [363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)]

	(ii) Demand No. 26	(260—Fire Protection and Control) .. **2-30 hours**
	(iii) Demand No. 41	(285—Information and Publicity 485—Capital Outlay on Information and Publicity 685—Loans for Information and Publicity) .. **1.30 hours**
hursday, 15-3-79	(i) Demand No. 21	(255—Police) .. **4 hours**
	(ii) Demand No. 27	(265—Other Administrative Services) .. **30 Minutes**
riday, 16-3-79	(i) Demand No. 67	(734—Loans for Power Projects) .. **2 hours**
	(ii) Demand No. 44	[288—Social Security and Welfare (Relief and Rehabilitation of displaced persons and Repatriates) 488—Capital Outlay on Social Security and Welfare (Relief and Rehabilitation of displaced persons) 688—Loans for Social Security and Welfare (Relief and Rehabilitation of displaced persons)] .. **2-30 hours**

aturday, 17-3-79—9.00 a.m.

(i) The West Bengal State Tax on Professions, Trades Callings and Employments Bill, 1979 (Introduction, Consideration and Passing) .. **2 hours**

(ii) The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing) .. **1 hour**

(iii) The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing) .. **30 minutes**

(iv) The West Bengal Gambling and Prize Competitions (Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing) .. **30 minutes**

There will be no Calling Attention or Mention Cases on the 17th March, 1979.

onday, 19-3-79	(i) Demand No. 31	(276—Secretariat—Social and Community Services)

	(ii) Demand No. 34	[277—Education (Excluding Sports and Youth Welfare) 278—Art and Culture 677—Loans for Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare)]
	(iii) Demand No 35	(279—Scientific Services and Research) .. **30 minutes**

There will be no Mention or Calling Attention on the 19th March, 1979.

Turesday, 20-3-79	(i) Demand No. 55	[310—Animal Husbandry 510—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) 710—Loans for Animal Husbandry]
	(ii) Demand No. 56	(311—Dairy Development 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) 711—Loans for Dairy Development (Excluding Public Undertakings) **1-30 hours**
	(iii) Demand No. 59	[314—Community Development (Panchayat) 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat) 714—Loans for Community Development (Panchayat)] .. **3.30 hours**

There will be no Oral Questions on the 20th March, 1979.

ডাঃ জয়নাল আবেদিন : স্যার, স্যাটারডে তে বসতে পারবনা, স্যার মার্চ মাস ৩১ দিনে শনিবার বসার কোনও যুক্তি নাই। হয় শনিবার রবিবার ছুটি দিন না হয় সোমবার ছুটি দিন—যারা উত্তরবঙ্গে যাবে শনিবার যদি হাউস বসে তাহলে সোমবার কি করে আসবে। কাজেই শনিবার বসতে হলে সোমবার হাউস বন্ধ করতে হবে। স্যার, আইনগুলি কমপালসারি নয় এপ্রিল মাসেও নিতে পারবেন, মার্চ মাসের মধ্যে ফ্যাইন্যান্সিয়াল বিজিনেস শেষ করার

সুযোগ দেব এবং আমরা সহযোগিতা করব কিন্তু শনিবার এবং সোমবার হাউস বসবে এটা হতে পারেনা।

মিঃ স্পিকার ঃ এটা তো বিজিনেস অ্যাডভাইসরি কমিটি ঠিক করে দিয়েছেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ তা হয়না স্যার, আমরা শনিবারে বসতে পারবনা, আপনি আধ ঘন্টার জন্য রিসেস দিন আমরা আপনার ঘরে বসে ঠিক করি।

মিঃ স্পিকার ঃ তাহলে রিসেসে বসা যাবে।

শ্রী দীনেশ মজুমদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের বন্ধুদের আমি অনুরোধ করছি, আমাদের বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে যারা উপস্থিত ছিলাম সকলের ঐক্যমতে একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছে, এবং তাছাড়া মাননীয় জয়নাল সাহেব একজন পুরানো মেম্বার এবং তিনি মন্ত্রীও ছিলেন, তিনি সবই জানেন যে বাজেট অধিবেশনে দুই তিনটা শনিবার আমাদের নিতে হয়, কোনও উপায় থাকেনা। দ্বিতীয়ত নন অফিসিয়াল ডে বাজেট অধিবেশনে দেওয়া যায়না, কিন্তু যতটা নন অফিসিয়াল ডেস বাদ যাবে পরে সব দেওয়া হবে। এটা আগেই ঠিক হয়ে গেছে। এবং যে ভাবে বাজেট অধিবেশন করা হচ্ছে সমস্ত মন্ত্রীরা—অতীতে যে জিনিস কখনও হয়নি—বিরোধী দলের বিশেষ অধিকার আছে সমস্ত বিষয়ে আলোচনা করা এবং সে অধিকার তারা পাচ্ছে। সুতরাং আমি আবেদন করব বিরোধীদলের বন্ধুদের যে বিজনেস অ্যাডভাইসরি কমিটি যে সিদ্ধান্ত নিয়েছেন সে বিষয়ে তারা যেন সহযোগিতা করেন। দুই তিনটার বেশি শনিবার হবে না—এই ১৭ই তারিখে এবং তার পরের শনিবার হতে হবে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ এখন এটা থাক পরে এটা আলোচনা করা যাবে।

মিঃ স্পিকার ঃ মঙ্গলবার হাউস বন্ধ থাকছে তাহলে শনিবার হলে কি অসুবিধা?

শ্রী দীনেশ মজুমদার ঃ স্যার শনিবার আমরা ১১টায় বসছি যাতে ৪টার মধ্যে শেষ হয়ে যায়। বাজেট অধিবেশনের দুই তিনটা শনিবার নেওয়া ছাড়া উপায় থাকেনা স্যার।

মিঃ স্পিকার ঃ তাহলে মিটিং ডেকে দিচ্ছি, জয়নাল সাহেব আসুন আর এদিকের রজনীবাবু আসুন, আমি আর আলাদা নোটিশ দেবনা—জনতা দলের বলাই বাবু আসুন আর তিনি যদি না থাকেন তাহলে অন্য কেউ আসুন তাতো নিয়মই আছে। আমি আপনাদের ইনভাইট করছি।

MENTION CASES

[2-30 – 2-40 P.M.]

শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ল' অ্যাণ্ড অর্ডারের উপর মোশন এনেছিলাম এবং কেন এনেছিলাম তা একটা ঘটনা দিয়ে বলছি। মালদা জেলার রতুয়া থানার অধীনে রামপুর একটা গ্রাম। সেই গ্রামে দাদন শেখের পুত্র মহম্মদ বিশ্বাস, সাদাসিধে

লোক, তার বাড়িতে ২১-২-৭৯ তারিখে বৈকাল ৩ ঘটিকায় ঐ হাসিমুদ্দিন, ভিক্ষু শেখ এবং আরও ১০/১২ জন লোক—এখানে এখন স্বরাষ্ট্র মন্ত্রী নেই, ওমর আলী সহ মারাত্মক অস্ত্রসস্ত্র নিয়ে মোসলেম শেখের বাড়িতে হামলা করে লুঠ-পাট করেছে। লুঠপাট করার সময় মেয়েরা, শিশুরা অন্য বাড়িতে গিয়ে আশ্রয় নিয়ে আত্মরক্ষা করে। এই অবস্থা চলছে। তারা মারাত্মক অস্ত্রসস্ত্র নিয়ে রাস্তাঘাটে ঘুরছে। অর্থাৎ একই গ্রামে বাস করে তারা। লোকে বলছে, নিজে জানিনা তারা সি. পি. এম. কিনা, তারা নিজেরা প্রচার করছে যে আমরা সি. পি. এম. দলের লোক, তোমরা যদি মামলা মকর্দমা কর তাহলে তোমাদের সমস্ত পরিবারকে শেষ করা হবে এবং তার জমিতে যে ফসল আছে তা সব শেষ করে দেওয়া হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উপযুক্ত কর্তৃপক্ষকে জানিয়েও কোনও ফল হয়নি তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি এর প্রতিকারের জন্য। রোজ রোজ স্যার, এই ঘটনা ঘটছে কিন্তু তার কোনও প্রতিকার হচ্ছে না। প্রতিদিন এই সব উল্লেখ করছি কিন্তু এতে কোনও লাভ হচ্ছে কিনা জানিনা, তাই আপনি আমাদের এই বিষয়ে একটু আশ্বস্ত করুন।

শ্রী রাইচরণ মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার একটু ব্যাথা অনুভব করার জন্য বর্ধমান হাসপাতালে যাই। ডাক্তার বলেন যে আমার এক্সরে করতে হবে এবং আমাকে এক্সরে ডিপার্টমেন্টে পাঠিয়ে দেওয়া হয় এবং লিখে দেওয়া হয় যে উনি একজন এম. এল. এ. একে যেন টপ মোস্ট প্রাইয়োরিটি দেওয়া হয়। তারপর সেখানে গিয়ে দেখলাম ৪ জন টেকনিশিয়ান বসে আছে, তারা আমাকে বললেন যে আমরা কেউ আজকে এক্সরে করতে পারব না। আমি এই বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন এই বিষয়ে অনুসন্ধান করেন।

শ্রী সন্তোষ রাণা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলায় সম্প্রতি অনেক প্রাথমিক শিক্ষক নিযুক্ত হয়েছে। সেই প্রাথমিক শিক্ষক নিযুক্তির ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি হয়েছে। আমি শুধু গোপীবল্লভপুরের উদাহরণ দিচ্ছি। গোপিবল্লভপুর সার্কেলে ১৪ জন সম্প্রতি নিযুক্ত হয়েছে, এই ১৪ জনই হচ্ছে সি. পি. এম.র লোক এবং সি. পি. এম.র নেতৃস্থানীয় লোক। আমি নাম করে বলছি সুভাষ শোরেণ, সি. পি. এম-র টিকিটে জেলা পরিষদের নির্বাচিত সদস্য, অনিল পাণ্ডাও সি. পি. এম.র টিকিটে পঞ্চায়েতের নির্বাচিত ভাইস প্রেসিডেন্ট, সত্যবান মণ্ডল সি. পি. এম. টিকিটে পঞ্চায়েতের নির্বাচিত সদস্য, চিত্তব্রত, সি. পি. এম.র টিকিটে পঞ্চায়েতের নির্বাচিত সদস্য, পরেশ পাত্র, পঞ্চায়েতের নির্বাচিত সদস্য সি. পি. এম.র টিকিটে, হৃষিকেষ সিংহ, সি. পি. এম.র টিকিটে নির্বাচিত অঞ্চল প্রধান, অজয় পাণি, সি. পি. এম. টিকিটে প্রার্থী ছিলেন হেরে গিয়েছেন মৃগেন গুঁই, সি. পি. এম. টিকিটে প্রার্থী ছিলেন, বিনোদ পাল, বীরেণ মাহাতো, অনিরুদ্ধ পাল, তিন জন্যই সি. পি. এম. কর্মী। এই ১৪ জনের মধ্যে ১৪ জনই হয় নির্বাচনে প্রতিদ্বন্দিতা করেছে সি. পি. এম.র টিকিটে অথবা তাদের কর্মী হয়ে খেটেছিল। ১৪ জন চাকরি পেয়েছে, অন্য কোনও লোক চাকরি পায় নি। সেখানে ইন্টারভিউ ইত্যাদির ব্যাপারগুলি সম্পূর্ণ ভাবে ফার্স। এই রকমভাবে করা হয়েছে। সামান্যতম যে চক্ষু

লজ্জা সেই চক্ষু লজ্জাও সরকার হারিয়ে ফেলেছেন। যদি সামান্যতম চক্ষু লজ্জা থাকে তাহলে এই জিনিসগুলি বন্ধ করুন এবং সরকারকে অনুরোধ করছি এই জিনিসগুলি আপনারা তদন্ত করুন এবং এই জিনিসগুলি বন্ধ করুন।

শ্রী রজনীকান্ত দোলুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই জিনিস শুধু গোপীবল্লভপুরেই নয়, সারা মেদিনীপুরের সমস্ত সার্কেলে এই জিনিস হচ্ছে এবং সি. পি. এম. প্রধানরা যারা নির্বাচিত হয়েছেন জেলা পরিষদে, অঞ্চল পরিষদে, সমিতিতে এবং গ্রামে, এই প্রধানেরা এবং গ্রাম প্রধানেরাই সমস্ত চাকুরি পাচ্ছে এবং তাদের আত্মীয়েরাই চাকুরি পাচ্ছে, সব চাকুরি সি. পি. এম-এর লোকেরাই পাচ্ছে আর অন্য কোনও দলের লোকেরা কোনও সুযোগ পাচ্ছেনা, তাদের কোনও সুযোগ দেওয়া হয়নি, এবং এই যে ইন্টারভিউ হয়েছে, সেটা নিরপেক্ষভাবে হয়নি, পুরো ফার্স করা হয়েছে।

মিঃ স্পিকার : এই রকম ভাবে বক্তৃতা দিলে কি করে হবে?

শ্রী রজনীকান্ত দোলুই : স্যার, সাংঘাতিক দুর্নীতি হয়েছে, আমি শিক্ষামন্ত্রীর কাছে, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব যে তাঁরা এই ব্যাপারে সতর্ক দৃষ্টি দিয়ে ব্যবস্থা করুন।

শ্রী জয়কেশ মুখার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুটো চিঠি এখানে পড়ে দেব। জনতা পার্টির মাননীয় সদস্য শশবিন্দু বেরা মহাশয়, গত ২৮ তারিখে এখানে বাজেট বক্তৃতা যখন দিয়েছিলেন, তখন দুটো জায়গায় দুটো ঘটনার কথা উল্লেখ করেছিলেন, আমি এই দুটো চিঠি পড়ে সেটা জানিয়ে দিচ্ছি। প্রভাস দত্ত ডিহি মঙ্গলঘাট বরাদাপাড় গ্রাম, এরা চার ভাই, প্রভাস দত্ত আমাদের এ জি মেম্বার ও শ্যামপুর ২নং পঞ্চায়েত সমিতির সদস্য, এর বাবা শ্রী শশধর দত্ত, প্রভাস দত্তের পিতা মৃত, আশুতোষ দত্ত ....

মিঃ স্পিকার : এত বড় চিঠি পড়বার অধিকার নাই, এত পড়লে চলবে কি করে?

শ্রী জয়কেশ মুখার্জি : কেন স্যার, আপনি অন্যদের এত বড় বড় পড়তে দেন, যদি আপনি পড়তে না দেন তাহলে আমি বসে পড়ছি,—আশুতোষ দত্ত রেজিস্ট্রিকৃত কবুলতি করে প্রতিপক্ষ শ্রী সতীশচন্দ্র মাল ও তার ভাই শ্রী নিমাইচন্দ্র মালের পিতা মৃত চারু মালকে প্রায় ৫০ বছর আগে পার্শ্ববর্ত্তী ....

মিঃ স্পিকার : এ চিঠিটা আপনি আমায় দিয়ে দিন, কি বলছেন এখান থেকে শুনতেও পাচ্ছিনা, এই রকম পড়লে কি করে হবে?

শ্রী জয়কেশ মুখার্জি : আমি চিঠি আপনাকে দিয়ে দিচ্ছি, আপনি পাঠিয়ে দেবেন।

শ্রী ধীরেন্দ্রনাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে জলপাইগুড়ির রাজগঞ্জ এলাকাধীন স্থানে ৪/৫ মাস আগে একটা সাব রেজিস্ট্রি অফিস ওপেন করা হয়। কিন্তু সেখানে মাত্র সপ্তাহে দু' দিন রেজিস্ট্রি হয়। কিন্তু দেখা যাচ্ছে

আজ পর্যন্ত সেখানে এত ভীড় হচ্ছে যে বহু লোক রেজিস্ট্রি করতে পারেনা। সুতরাং আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে সেখানে একজন সাব রেজিস্ট্রার নিয়োগ করে, দু' দিনের পরিবর্তে সপ্তাহে ৬ দিন যাতে দলিল রেজিস্ট্রিকরণের ব্যবস্থা করেন এবং জনসাধারণকে হয়রানি থেকে রেহাই দেন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40 – 2-50 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কাগজে দেখেছেন আজকে কলকাতা মিছিল ও অভিযানের দিন। এই সরকার ঘোষণা করেছেন যে গনতান্ত্রিক কোনও আন্দোলন কিম্বা রাজনৈতিক দলগুলির কোনও আন্দোলনে তাঁরা হস্তক্ষেপ করবেন না। কিন্তু আজকে আপনি জানেন আমাদের ভারতীয় জাতীয় কংগ্রেসের তরফ থেকে পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস কমিটি আজকের দিনটি মরিচঝাঁপি এবং অন্যান্য আইনশৃঙ্খলাজনিত অবনতি এবং বর্গা-অপারেশন ইত্যাদির জন্য সরকারের বিরুদ্ধে বিক্ষোভসূচক হিসাবে অ্যাসেম্বলি অভিযানের দিন হিসাবে ঘোষণা করেছে। আজ থেকে পক্ষকাল আগে আমরা ঘোষণা করেছি। রহস্যজনক কারণে বুঝলাম না, আজকে বামফ্রন্টও বিধানসভা অভিযান করছেন। সরকারের বিরুদ্ধে ওরা নিজেরাই অভিযান করুন আমার তাতে আপত্তি নেই। কিন্তু প্রপাইটি ডিমাণ্ডস রাজনৈতিক আর একটি দল যখন ঘোষণা করে কর্মসূচি নিয়েছে সরকারে যারা আসীন আছেন তারা সেই দিনটি অ্যাভয়েড করেন এবং সেইদিন না করে আর একদিন করতে পারেন। এইটাই গণতান্ত্রিক কনভেনশন। ওঁদের তো অভিজ্ঞতা নেই। আজকে সেইজন্য আমি এই সরকারের সিনিয়ার মিনিস্টার আছেন মিঃ কৃষ্ণপদ ঘোষ। সবিনয়ে তাদের জানিয়ে দিতে চাই বিভিন্ন রাস্তায় এদের সেই জঙ্গী বাহিনীকে এরা যদি সংযত না করে তাহলে সম্ভাবনা রয়েছে ওরা যেখানে নিয়ে যেতে চায় স্ট্রিট ফাইটিংএ সেটা we do not want it. কিন্তু প্রকৃতই এরা যদি অসৎ উদ্দেশ্য চরিতার্থ করতে বদ্ধপরিকর হয়, তাহলে বোধ করি এই সংঘর্ষ এড়ানো সম্ভবপর হবে না। এর পুরো দায়িত্ব বামফ্রন্ট সরকারের থাকবে। আমি নেতৃবৃন্দের কাছে অনুরোধ করব এবং প্রশাসন ও সরকারের কাছে অনুরোধ করব তাদের মস্তান বাহিনীকে তারা যেন সংযত করেন। রাজনৈতিক কর্মসূচি যা হবে গণতান্ত্রিক পথে সেখানে আমার বলার কিছু নেই। কিন্তু কয়েনসাইড অ্যাপ্রিহেনসন বলে মনে হচ্ছে। কারণ আমাদের দিন ঘোষণা করেছি অনেক আগে। তাহলে এইটাই আমার বক্তব্য হল সতর্কতা রাজনৈতিক দল নেবে এবং সরকার সতর্ক থাকবেন এই ঘটনা যেন কোনও হিংসাত্মক রূপ না নেয়। এই ব্যাপারে আমি আমাদের দৃষ্টিকোণ থেকে সরকারকে সতর্ক করে দিতে চাই।

শ্রী সরল দেব ঃ মিঃ স্পিকার স্যার, আমি আপনার মারফত মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, বারাসাতের ছোট জুগুলিয়াতে একটা হেলথ সেন্টার আছে। দীর্ঘদিন যাবৎ সেই হেলথ সেন্টারকে ৫০ বেডের হাসপাতালে রূপান্তরিত করার জন্য জনসাধারণ দাবি জানিয়ে আসছেন। কিন্তু আজও সেটা বাস্তবে রূপায়িত হয় নি। তবে আপনার মারফত স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওই হেলথ সেন্টারকে ৫০ বেডের হাসপাতালে রূপান্তরিত করা হয়। এটা দাবি হিসাবেও আমি রাখছি।

শ্রী অনিল মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করতে চাই। পশ্চিমবাংলায় বা অন্যত্র এর আগে আমরা অনেক শুনেছি নানা জিনিস চুরি যায়, ডাকাতি হয়। কিন্তু মর্গ থেকে মৃতদেহ চুরি যায় এই রকম ঘটনা এর আগে আমরা খুব কমই শুনেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি এন. আর. সরকার হাসপাতালে কয়েকদিন আগে একটা বডি সেখানকার মর্গে পাঠানো হয়েছিল ময়না তদন্তের জন্য এবং ঘটনাচক্রে সেই ময়না তদন্ত হয়েছিল কিনা জানি না। কিন্তু আত্মীয়-স্বজনেরা সেখানে বডি যখন আনতে যায় সেখানে তাদের একটা অন্য ডেড বডি দেওয়া হয় এবং সেই ডেড বডি সেখানে পাওয়া যায় না। এর ফলে আত্মীয়-স্বজনেরা সেই ডেড বডি নিতে অস্বীকার করে এবং ফলে সেই জায়গার অথরিটিকে পুলিশ সন্দেহ করছে যে মরগ থেকে ডেড বডি নাকি চুরি হয়ে গিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা এবং আপনার মাধ্যমে সংশ্লিষ্টমন্ত্রীকে অনুরোধ করব যে হাসপাতালের যে প্রশাসন বিভাগ সেই বিভাগে যারা আছেন বা যারা মৃতদেহ চুরির ব্যাপারে সংশ্লিষ্ট সেই সব দোষীদের বের করে শাস্তি দিতে হবে এবং ভবিষ্যতে যাতে এই রকম, ঘটনা না হয় তার ব্যবস্থা করতে হবে।

শ্রী সুহৃদ মল্লিক চৌধুরি ঃ মাননীয় স্পিকার, স্যার, আমি খুব বড় কিছু কথা বলতে চাই না। আমি আমার কেন্দ্রের মধ্যেই কেন্দ্রীভূত হয়ে থাকতে চাই। আমার অঞ্চলে ৫ম ব্যাটেলিয়ান, পুলিশ ফোর্সের হেড কোয়ার্টারের সামনে একটি খেলার মাঠ আছে এবং শ্রী অতুল্য ঘোষ মশাই যে শিশু উদ্যান রচনা করেছেন তারই কাছাকাছি। আমার অঞ্চলের ছেলেরা এখানে খেলাধূলা করে এবং পুলিশও সেখানে খেলাধূলার ব্যবস্থা করে থাকে। আমরা শুনতে পাচ্ছি সেই খেলার মাঠটি ইমপ্রুভমেন্ট ট্রাস্ট থেকে নিয়ে বড় বড় বাড়ি তৈরি করবে। আমাদের ছেলে মেয়েরা একেই বেকার, তারা অন্য কোনও সুযোগ পাচ্ছে না, একটু খেলাধূলা করার সুযোগ অন্তত পাক, এটাই আমাদের ওখানকার জনগণের ইচ্ছা। আমি সেই ইচ্ছা প্রতিফলিত করতে চাই। আমাদের যিনি সি. আই. টি. মন্ত্রী আছেন আপনার মাধ্যমে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই ঐ মাঠটিতে বাড়ি তৈরি করার যে প্রচেষ্টা হচ্ছে সেটা যাতে কার্যকর করতে না পারা যায় তার জন্য তিনি যেন চিন্তা করেন।

মিঃ স্পিকার ঃ আপনি মাস পিটিশন আনেন নি, গণ-দরখাস্ত আনেন নি?

শ্রী সুহৃদ মল্লিক চৌধুরি ঃ মাননীয় স্পিকার, স্যার, আমি গণ প্রতিনিধি। সুতরাং গণ-দরখাস্ত দিয়ে নিজেকে আর ছোট করতে চাই না।

শ্রী মহম্মদ সোহরাব ঃ অধ্যক্ষ মহোদয়, আমার এলাকা সম্বন্ধে আমি বিভিন্ন সময়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি। এবারে রিলিফ নিয়ে কিভাবে দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হচ্ছে, সেই বিষয়ে কিছু বলতে চাই। পার্টির কথা বলিনি, দুর্নীতির কথা বলেছি। পার্টিবাজি তো হবেই, এটা স্বাভাবিক ব্যাপার। সূতী ১নং ব্লক, হাড়োয়া গ্রামসভা, ওরা সই করে বিভিন্ন জায়গায় দরখাস্ত করেছে, আজ পর্যন্ত তার কোনও ব্যবস্থা হয় নি। এমন কি যে পয়সা দেওয়া হয়েছিল বিভিন্ন ক্ষেত্রে তাও পর্যন্ত পায় নি, সেই জন্য দরখাস্ত

করেছে। সব চেয়ে আশ্চর্য হচ্ছে গত ২৫ তারিখে ১নং এবং ৩নং থেকে যারা দরখাস্তে সই করেছিল—যেহেতু ওরা দরখাস্ত করেছে বিভিন্ন জায়গায় সেই জন্য সি. পি. এম. এর লোকেরা ওদের উপর পাইপ গান নিয়ে আক্রমণ করেছে এবং ৪ জন কেন হাসপাতালে আছে। এখন পর্যন্ত সেই পাইপ গান উদ্ধারের কোনও চেষ্টা হয় নি, তাদের বিরুদ্ধে কোনও রকম অ্যাকশন নেওয়া হয় নি। এদের অপরাধ হচ্ছে এরা দুর্নীতির বিরুদ্ধে দরখাস্ত করেছিল। এখানে রিলিফ মিনিস্টার উপস্থিত আছেন, আমি আপনার মাধ্যমে তাঁর কাছে অনুরোধ করছি এই রিলিফের ব্যাপার নিয়ে তদন্ত করা হোক কেন পাইপ গান দিয়ে আক্রমণ করে। ৪ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে—এই দুষ্কৃতকারীদের বিরুদ্ধে যাতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি।

শ্রী সমরকুমার রুদ্র ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি একটি বিশেষ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ইন্দিরা কংগ্রেসের মাননীয় সদস্য বন্ধুরা এবং ন্যাশনাল কংগ্রেসের মাননীয় সদস্য বন্ধুরা এদেশে শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য, সমাজ বিরোধী কার্যকলাপ বন্ধ করার জন্য, হত্যাকাণ্ড বন্ধ করার জন্য পরশুদিন থেকে লবিতে উপবাস করলেন এবং গতকাল দেখা গেল মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় এখানে এসে ওদের গলায় মালা দিয়ে, কমলালেবুর রস খাইয়ে অভ্যর্থনা জানিয়ে গেলেন। কিন্তু ওরা কি জানেন আমার এলাকার কেশবচন্দ্র সেন স্ট্রিটে ইন্দিরা কংগ্রেসের একজন সমর্থক আর একজন তাদেরই সমর্থককে হত্যা করে? ভবানী দত্ত লেন থেকে শুরু করে আশপাশ এলাকাটাই হচ্ছে প্লট। কেশবচন্দ্র সেন স্ট্রিটের অপর দিকে হচ্ছে বৈঠকখানা রোড, বাদুড় বাগান স্ট্রিটে একটি ছাত্রকে গুলি করে হত্যা করা হয় এবং সেই নিয়ে ইন্দিরা কংগ্রেসের দুটি দলের মধ্যে অন্তর্দলীয় ঝগড়া চলেছে। একদিকে সুব্রতবাবু, আর একদিকে সোমেনবাবু। শুধু তাই নয়, গতকাল সকাল বেলা যে রাস্তাটি গিয়ে কেশবচন্দ্র সেন স্ট্রিটে গিয়ে পড়েছে, শান্তি ঘোষ স্ট্রিটে, সেখানে আর একটি ছেলের মৃতদেহ পাওয়া যায়। সে নাকি আর একটি দলের মধ্যে রয়েছে, পাল্টা দল হিসাবে তাকে হত্যা করা হয়েছে। এখানে শান্তি শৃঙ্খলা চাইছেন, সমাজ বিরোধী কার্যকলাপ বন্ধ করতে চাইছেন, খুন যাতে বন্ধ হয় তার জন্য এখানে উপবাস করছেন, অথচ আপনাদের দলের মধ্যে যারা হত্যাকাণ্ড করছেন—রাজনৈতিক হত্যাকাণ্ড করছেন, এইগুলি কি বন্ধ করবেন না? আপনারা সরকারকে এইগুলি বন্ধ করার জন্য বলবেন, অথচ আপনারা নিজেরাই এই সব করে যাবেন—এই কথা বলতে আপনাদের লজ্জা করে না?

[2-50 – 3-50 P.M.] (including adjournment)

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমরবাবু একটু কটাক্ষ করলেন, আমি তাঁকে বলি, উনি কমলার লোভে গতকাল যে না খেয়ে এসেছিলেন সেটা আমরা জানতে পারি নি, জানতে পারলে তাঁকেই কমলা দিতাম।

শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের মুর্শিদাবাদ জেলাতে সর্বত্র ডাকাতি হচ্ছে—প্রতি রাত্রে প্রায় সব থানাতেই ডাকাতি হচ্ছে। কিছুক্ষণ আগে আমার হরিহরপাড়া নির্বাচন কেন্দ্রের পার্শ্ববর্তী নির্বাচনকেন্দ্রের সদস্য শ্রী জয়ন্তকুমার বিশ্বাস এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করলেন।

সেখানে স্যার, নওদা থানাতে দেখা যাচ্ছে গত মাসে প্রায় ২৫/৩০ ডাকাতি হয়েছে। আমার হরিহরপাড়াতেও মাসে ১৫/২০টি করে ডাকাতি হচ্ছে। এমন কি বহরমপুর শহরেও ডাকাতি হচ্ছে। সেখানে লাল দীঘির পাড়ে যে স্টেট ব্যাঙ্কের বাড়ি তার পার্শ্ববর্তী বাড়িতে ডাকাতি হয়েছে এবং সেই ডাকাতদের ধরতে যাওয়ার ফলে বোমার আঘাতে একজন নিহত হয়েছে। আমি এর প্রতিকার দাবি করছি এবং স্বরাষ্ট্রমন্ত্রীকে বলছি, এই ব্যাপারে দৃষ্টি নিয়ে ব্যবস্থা গ্রহণ করুন। সেখানে শান্তিপ্রিয় মানুষরা যাতে রাত্রিতে শান্তিতে ঘুমাতে পারেন তার ব্যবস্থা করুন। স্যার, এখন অনেক লোককেই সারা রাত কাটাতে হয়। কার বাড়িতে কখন যে ডাকাত পড়বে কেউ জানে না, ডাকাতির ভয়ে লোককে সারা রাত জেগে কাটাতে হয়। আমি এই অবস্থার অবিলম্বে প্রতিকার দাবি করছি।

শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিম দিনাজপুর জেলার কুশমণ্ডি থানাতে যে কুশমণ্ডি প্রাইমারি হেলথ সেন্টার আছে সেই হেলথ সেন্টারের জন্য যে জমি অধিগ্রহণ করা হয় সেটা অনেকদিন হয়ে গিয়েছে। সেটা হচ্ছে, গভর্নমেন্ট কেস নং—৫৪/৬৬/৬৭ এই তারিখের। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় সেখানে শ্রী যোগেন্দ্রনাথ দাস এবং আরও ২০/২৫ জনের যে জমি অধিগ্রহণ করা হয়, খুব গরিব লোকের জমি, সেখানে সরকার থেকে আশ্বাস দেওয়া সত্ত্বেও তাদের কমপেনসেশনের টাকা আজ পর্যন্ত দেওয়া হয়নি। সরকার আশ্বাস দিয়েছিলেন তাড়াতাড়ি দেবেন কিন্তু দীর্ঘকাল হয়ে গেলেও আজ পর্যন্ত একটি পয়সা তারা পায়নি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ, এই কমপেনসেশনের টাকা যাতে তারা অচিরে পান তার ব্যবস্থা করুন।

শ্রী রজনীকান্ত দোলুই ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার ময়না থানায় বিধ্বংসী বন্যার প্রকোপ কিভাবে ঘটেছিল সেটা আপনারা সকলেই জানেন। সেখানে বন্যাত্রাণে দুর্নীতি, দলবাজি এবং আরও বিভিন্ন দাবি দাওয়ার পরিপ্রেক্ষিতে জনতা, কংগ্রেস, কংগ্রেস (ই) এবং সি. পি. আই. এই ৪টি দলের যৌথ নেতৃত্বে প্রায় ৮০০ মতন জনসাধারণ ময়না থানার অন্তর্গত শ্রী কণ্ঠা গ্রাম পঞ্চায়েতের অধীনে রামচন্দ্রপুরে প্রধানের কাছে ডেপুটেশনে যাচ্ছিলেন। আগে থেকে ডেট ঠিক করা ছিল, প্রধান ডেট দিয়েছিলেন। তারা যখন ডেপুটেশন নিয়ে অঞ্চল অফিসে গিয়েছে সেই সময় ২০০ সি. পি. এম. কর্মী টাঙ্গী, লাঠি, বল্লম নিয়ে তাদের আক্রমণ করে। সেখানে যারা নেতৃত্ব দিচ্ছিলেন তাদের ধরে নিয়ে চলে যায় এবং ঘরে আটকে রাখে এবং আটকে রেখে প্রহার করে। তারা জল খেতে চেয়েছিল কিন্তু জল দেওয়া হয়নি। তাদের উপর অকথ্য অত্যাচার চালিয়েছে। পুলিশ এসেছিল উদ্ধার করার জন্য কিন্তু ও. সিকে সেখানে ঢুকতে দেওয়া হয়নি। ও. সি. পরে আরও বেশি পুলিশ নিয়ে এসে যাদের আটকে রাখা হয়েছিল তাদের উদ্ধার করেন। স্যার, এই পরিপ্রেক্ষিতে শ্রী সহদেব পট্টনায়ক বলে একজন ভূমিহীন ব্যক্তি তাকে ৭ ইউনিট করে জি. আর দেওয়া হত কিন্তু যেহেতু সে এই দলে ছিল, এই ডেপুটেশনে ছিল সেইজন্য তার জি. আর কেটে দেওয়া হয়েছে। সেখানে ৭ ইউনিটের জায়গায় মাত্র ৬ কে. জি. গম তাকে দেওয়া হয়েছে। এই প্রতিবাদে সেই সহদেব পট্টনায়ক, যিনি ভূমিহীন ব্যক্তি তার জি. আর-এর টোকেন মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দেবার

জন্য পাঠিয়েছেন। তাঁরা সেটা রিফিউজ করেছেন, তাঁরা বলেছেন যে আমরা এটাতে কিছু দেবনা। যেহেতু দলবাজি চলছে তার প্রতিবাদে তিনি ড্রাই ডোলের টোকেন মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে আপনার মাধ্যমে দেবা জন্য পাঠিয়েছেন। আমি সেটা আপনার মাধ্যমে পাঠিয়ে দিচ্ছি দেবার জন্য।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের লীডার ডাঃ জয়নাল আবেদিন সাহেব একটু আগে আপনার কাছে নিবেদন করেছেন। আমি একটু আগে ওখান থেকে আসছি। আমি দেখলাম যে রাস্তার ওপরে দারুণ একটা টেনশন ক্রিয়েট হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব থেকে বড় দুঃখের কথা হচ্ছে এসপ্লানেডে ১৪৪ করা হয়েছে এবং সেখানে দেখলাম চারিদিকে মাইক লাগিয়ে সি. পি. এম-এর রেস্ট্রাম করা হয়েছে। সরকারি দল হলেও আইনটা হল আইন। আইনটা সরকারি দলকেও মানতে হয়। আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই—কারণ যতীন চক্রবর্তী মহাশয় বলেন, সরকারি দল, তাই ওঁরা অমান্য করতে পারেন তাতে কোনও দোষ নেই—১৪৪ যদি হয় তাহলে সেটা সকলের জন্য প্রযোজ্য। কিন্তু দেখলাম চারিদিকে মাইক লাগানো আছে, রেস্ট্রাম তৈরি, দলও প্রস্তুত। আমার মনে আশঙ্কা যে খুব একটা গুরুতর ঘটনা হতে পারে। সে জন্য আপনার মাধ্যমে আমি এই কথা বলছি, আমি একটা মিছিল নিয়ে এলাম, এবং সেখানে দেখলাম যে অবস্থা অত্যন্ত শোচনীয়। সি. পি. এম-এর কয়েকজন বিধানসভার সদস্যও সেখানে বসে আছেন। এই যে ১৪৪ অমান্য করা হচ্ছে সরকার পক্ষ থেকে এর জন্য বিধানসভা থেকে প্রতিবাদ করা উচিত এবং বিধানসভা থেকে এর একটা বিহিত ব্যবস্থা করা উচিত। কারণ মুখ্যমন্ত্রীও বিধানসভার সদস্য এবং অন্যান্য সদস্যরা যাঁরা আছেন, তাঁরাও আইন সভার সদস্য। তাঁরা আইন অমান্য করে, ১৪৪ অমান্য করে মিটিং করছে, এটা বেআইনি। আমি সে জন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পিকার ঃ এখন ব্যায় বরাদ্দের উপর দাবি পেশ।

Voting on Demand for Grant

Demand No. 42

Major Head : 287—Labour and Employment

Shri Krishna Pada Ghosh : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,91,43,000/- be granted for expenditure under Demand No. 42, Major Head : "287—Labour and Employment".

(The Printed speech of Shri Krishna Pada Ghosh is taken as read.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪২ নম্বর দাবির অধীনে মুখ্য খাত "২৮৭—শ্রম এবং কর্মনিয়োগ"-এর ব্যয়-নির্বাহের জন্য ৪,৯১,৪৩,০০০ টাকা মঞ্জুর করা

হোক।

২। বিগত বৎসরে শ্রম দপ্তরের কাজকর্ম সম্পর্কে একটি পর্যালোচনা আমি মাননীয় সদস্যদের নিকট পেশ করার সুযোগ গ্রহণ করছি। রাজ্যসরকার-নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য আমরা কি কি প্রচেষ্টা চালিয়েছি সে সম্পর্কে একটি মোটামুটি ধারণাও আমি মাননীয় সদস্যদের সামনে প্রসঙ্গত তুলে ধরতে চাই। ট্রেড ইউনিয়ন এবং শ্রমিক ও সমাজকল্যাণের কাজে নিযুক্ত অন্যান্য সংগঠনগুলি যাতে গণতান্ত্রিক পদ্ধতিতে চলে তা সুনিশ্চিত করা হল আমাদের বরাবরের নীতি। আমরা শ্রমিকদের আইনসম্মত অধিকার ও স্বার্থগুলি রক্ষা ও বর্ধিত করতে চাই। এইসব লক্ষ্য অর্জনের পথে বাধাগুলি দূর করতে সরকার বদ্ধপরিকর এবং এই ব্যাপারে সরকারের চেষ্টা ক্রমেই সফল হয়ে উঠছে। শ্রমিক ও কৃষকরা তাঁদের সংগঠনের মাধ্যমে তাঁদের অভাব-অভিযোগ প্রকাশ করার এবং প্রয়োজন হলে এই উদ্দেশ্যে আন্দোলন করার অধিকার ফিরে পেয়েছেন। এই প্রক্রিয়াকে আরও এগিয়ে নিয়ে যাওয়া এবং শ্রমিকদের অধিকার যাতে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয় তা সুনিশ্চিত করার জন্য আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ক্রমবর্ধমান মূল্যবৃদ্ধির সঙ্গে শ্রমিকদের প্রকৃত আয় এবং অন্যান্য সুযোগ-সুবিধা যাতে সমান তালে চলতে পারে তা সুনিশ্চিত করবার জন্য আমরা সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলির সঙ্গে শ্রমিকশ্রেণীর মৌলিক স্বার্থ যেখানেই জড়িত সেগুলি নিয়ে ক্রমাগত আলাপ-আলোচনা চালিয়ে যাবার চেষ্টা করছি। নিজেদের অধিকার ও সুবিধার ব্যাপারে কোনওরকম আপস না করেও শিল্পে শান্তি বজায় রাখার প্রয়োজনীয়তাকে উপলব্ধি করার ব্যাপারে সংগঠিত ট্রেড ইউনিয়ন আন্দোলন এক বিরল বিচক্ষণতা ও দায়িত্ববোধের পরিচয় দিয়েছে।

৩। প্রথমেই যে কাজে সরকার হাত দেন সেটা হল রাজনৈতিক কারণে বরখাস্ত শ্রমিকদের পুনর্বহালের জন্য রাষ্ট্রায়ত্ত ও বেসরকারী উভয় ক্ষেত্রে মালিকদের অনুরোধ করা। ১৯৭২ সালের পরে জরুরী অবস্থার সময় যেসব শ্রমিক মারধোরের আশঙ্কা ও ভীতিপ্রদর্শনের কারণে নিজ নিজ কর্মস্থলে গিয়ে কাজে যোগ দিতে না পারার দরুন কর্মচ্যুত হয়ে পড়েছেন তাঁদেরও আবার কাজে ফিরিয়ে নেওয়ার জন্য আমরা নিয়োগকারীদের অনুরোধ করেছি। এই ব্যাপারে শ্রমিকরা মোটামুটি তাঁদের অধিকার প্রতিষ্ঠিত করতে সমর্থন হয়েছেন। ত্রিপাক্ষিক রাজ্য শ্রম উপদেষ্টা পর্ষদের যোগ্য ভূমিকা সুনিশ্চিত করার জন্যও আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। শিল্প সম্পর্ক বিষয়ে সমস্ত ব্যাপারেই এই পর্ষদে আলোচনা হয় যাতে সরকার এর পরামর্শ পেতে পারে। এই পর্ষদ পুনর্গঠিত হয়েছে এবং রাজনৈতিক মতাদর্শ নির্বিশেষে সমস্ত প্রধান প্রধান কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সংস্থা এই পর্ষদে অংশগ্রহণ করেছে।

৪। ১৯৭৮-৭৯ সালে শিল্পক্ষেত্রে শ্রমিক-মালিক সম্পর্ক মোটামুটিভাবে সন্তোষজনক ছিল। বহুবিধ বাধা-বিপত্তি, বিশেষভাবে সারা দেশের অর্থনীতিতে মুদ্রাস্ফীতিজনিত যে চাপ পড়েছিল তার মতন কঠিন পরিস্থিতির মধ্যেও শ্রমিকেরা সংযম প্রদর্শন করেছেন।

৫। প্রধান প্রধান শিল্পক্ষেত্রে যেসব চুক্তি হয়েছিল সেগুলির মেয়াদ ইতিমধ্যেই শেষ হয়ে গিয়েছে এবং জীবনধারণের ব্যয় ক্রমাগত বেড়ে যাওয়ার ফলে শ্রমিক শ্রেণী স্বভাবতই আশা

করেছিলেন যে, তাঁদের বেতনহার সংশোধিত হবে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, সরকারি হস্তক্ষেপের ফলে ইঞ্জিনীয়ারিং শিল্পের ক্ষেত্রে একটি নতুন শিল্পভিত্তিক চুক্তি সম্পন্ন করা সম্ভব হয়েছে, যার ফলে প্রায় তিন লক্ষ ইঞ্জিনীয়ারিং শ্রমিক দারুণভাবে উপকৃত হয়েছেন। বিভিন্ন ধরনের ইঞ্জিনীয়ারিং কারখানায় যে সমস্ত শ্রমিক নিযুক্ত আছেন তাঁদের প্রত্যেকের মূল বেতন মাথাপিছু মাসিক ৫২ টাকা থেকে ৫৬ টাকা পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। জীবনযাত্রার ব্যয় সূচকের বৃদ্ধি ঘটলে তার ক্ষতিপূরণের জন্য ৩১৪-র উপরের সূচকসংখ্যার ক্ষেত্রে প্রতি পয়েন্টে ১ টাকা ১৫ পয়সার হারের স্থলে প্রতি পয়েন্টে ১ টাকা ৩০ পয়সা করার ব্যবস্থাও চুক্তিতে রয়েছে। এই শিল্পে সকল শ্রেণীর শ্রমিকের বার্ষিক মজুরি বৃদ্ধির হার যা ছিল তার থেকে আরও দু টাকা বাড়ানো হয়েছে।

৬। কলকাতা বন্দরের বার্জম্যানদের নিয়ে বিরোধের ফলে সেখানে দীর্ঘস্থায়ী শ্রমিক ধর্মঘট চলেছিল, অবশেষে সেই ধর্মঘটের নিষ্পত্তি হয় রাজ্য সরকারের হস্তক্ষেপে এবং চুক্তির ফলে বার্জম্যানদের মজুরির যথেষ্ট বৃদ্ধি ঘটে।

৭। ছাপাখানা ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত কর্মীরা তাঁদের বহুদিনের দাবিদাওয়া আদায়ের জন্য ধর্মঘট করেন। সরকারের সালিশি ব্যবস্থার মাধ্যমে একটা মীমাংসায় আসার জন্য যথাসাধ্য চেষ্টা করা হয়। আমি যে মীমাংসা সূত্রের প্রস্তাব দিই তার ভিত্তিতে পরে বেশির ভাগ ছাপাখানা খুলেছে। আমি আশা করি সেই মীমাংসার সূত্র অনুযায়ী সব ছাপাখানায় স্বাভাবিক কাজকর্ম ফিরিয়ে আনা সম্ভব হবে।

৮। পাটশিল্পে নিযুক্ত কর্মিবর্গ তাঁদের দাবি-দাওয়া আদায়ের জন্য ধর্মঘট করেন। উভয়পক্ষের সঙ্গে দীর্ঘস্থায়ী আলাপ-আলোচনায় কোনও ফল লাভ হয় না। সরকারি তরফে অবশ্য পর্যালোচনামূলক মত বিনিময় চলতে থাকে। আপনারা সবাই জানেন যে, অবশেষে বিগত বাইশে ফেব্রুয়ারি তারিখে এক মীমাংসায় উপনীত হওয়া গেছে, যার ফলশ্রুতি হিসেবে পাটশিল্পের প্রতি কর্মীর মূল বেতন ১৯৭৯ সালের পয়লা ফেব্রুয়ারি থেকে প্রতি মাসে ৪৭ টাকা ৫০ পয়সা করে বাড়বে। জীবনযাত্রা নির্বাহের মূল্যসূচক বৃদ্ধির পরিপূরক হার এখন থেকে প্রতি পয়েন্ট টাঃ ১.১৫ স্থলে টাঃ ১.৩০ হবে। এই বাবদ প্রত্যেক কর্মী ১৯৭৯ সালের পয়লা ফেব্রুয়ারি থেকে প্রতি মাসে টাঃ ১.৮০ অতিরিক্ত হিসাবে পারেন। এর ফলে প্রতি কর্মীর নূন্যতম বেতন দাঁড়াবে মাসিক টাঃ ৪৭০.১০। মালিকপক্ষ আইনমাফিক বাড়িভাড়া প্রদানে রাজি হওয়াতে এ ব্যাপারে কর্মিবর্গের দীর্ঘদিনের অভিযোগের অবসান হয়েছে। তা ছাড়া যেসব কর্মী মাসিক হিসেবে মাইনে পান না তাঁদের ক্ষেত্রে ব্যক্তি-পর্যায়ে প্রাপ্য গ্র্যাচুইটির হিসেব হবে বর্তমান ১৩ দিনের বদলে ১৫ দিন ধরে। এসব ছাড়া অন্যান্য জটিল কিছু বিষয়, যা নিয়ে কর্মিবর্গের দীর্ঘকালীন অভাব-অভিযোগ রয়েছে, সেসবের সমাধান সূত্রও নির্ধারিত হয়েছে।

৯। এক ত্রি-পাক্ষিক চুক্তির মাধ্যমে জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড-এর প্রতিষ্ঠানসমূহে যে দীর্ঘকালীন অচলাবস্থার সৃষ্টি হয়েছিল তার অবসান হয়েছে। মালিকপক্ষ ১১ই জানুয়ারি ১৯৭৯ তারিখে স্বাক্ষরিত ইঞ্জিনিয়ারিং শিল্প-ভিত্তিক মীমাংসা-পত্র কার্যকর করতে রাজি হয়েছেন। ২৫শে জুন ১৯৭৩ তারিখের ইঞ্জিনিয়ারিং শিল্প-ভিত্তিক চুক্তির হারে দুই কিস্তি বেতন বৃদ্ধিতেও

তাঁরা রাজি হয়েছেন।

১০। সরকারের সালিশি সংস্থা (কনসিলিয়েশন মেশিনারি) ১৯৭৮ সালে ৬,৪৮৭টি শিল্পবিরোধ নিষ্পত্তি করেন, ১৯৭৭ সালে যেখানে নিষ্পত্তি হয়েছিল ৫,২১৮টি ক্ষেত্রে। বড় বড় সংস্থায় অনেকগুলি ধর্মঘট ও লক-আউট সালিশি ব্যবস্থার মারফতে মিটিয়ে নেওয়া হয়। এই ব্যাপারে নিম্নলিখিত সংস্থাগুলিতে বিরোধ মীমাংসা উল্লেখযোগ্য ঃ বাটা ইণ্ডিয়া লিমিটেড, ওরিয়েন্ট জেনারেল ইণ্ডাস্ট্রিজ, এই রাজ্যের হোসিয়ারি শিল্প সংস্থাসমূহ, হিন্দুস্থান মোটরস, দুর্গাপুর স্টিল প্ল্যান্ট (এস এম এস বিভাগ), কেশোরাম কটন মিলস, ব্রুক বণ্ড (ইণ্ডিয়া) লিমিটেড, ইস্টার্ন স্পিনিং মিলস, ফার্টিলাইজার কর্পোরেশন অব ইণ্ডিয়া লিমিটেড, দুর্গাপুর, জিইসি, মেঘনা মিলস, নৈহাটি জুট মিলস, নস্করপাড়া জুট মিল, নর্থব্রুক জুট মিল, ওয়েভারলি জুট মিল, কানোরিয়া জুট মিল, কেলভিয়ান জুট মিল এবং নবদ্বীপ পৌর এলাকাস্থ ২৭৩টি হস্তচালিত তাঁত কারখানা।

১১। ১৯৭৮ সালে ৩৬টি বন্ধ ইউনিট খোলা সম্ভব হয়। এর ফলে ১,৯৬৩ জন উপকৃত হন। এইসব সংস্থার মধ্যে আছে দার্জিলিং-এর সামবিয়ং চা-বাগান ও নরবং চা-বাগান, শ্রীদুর্গা কটন স্পিনিং অ্যাণ্ড উইভিং মিল, কোন্নগর, হুগলি এবং ক্রেমলাইট ইণ্ডাস্ট্রিজ (প্রাইভেট) লিমিটেড হাওড়া।

১২। রাজ্য শ্রম উপদেষ্টা পর্ষদের সঙ্গে পরামর্শক্রমে সরকার বোনাস সংক্রান্ত যে নীতি নির্দিষ্ট করে দিয়েছেন তদনুযায়ী বেশির ভাগ শিল্পেই আলোচ্য বৎসরে শ্রমিকরা মোটামুটি নির্বিঘ্নে তাঁদের বোনাস পেয়ে গেছেন।

১৩। শিল্প সংস্থা এবং সেগুলিতে নিযুক্ত কর্মীর সংখ্যার এবং বিশেষ করে মূল্যবৃদ্ধি ও তজ্জনিত প্রকৃত মজুরি হ্রাসের পরিপ্রেক্ষিতে ধর্মঘট ও লক-আউটের ঘটনা খুব বেশি হয়েছে বলা যায় না। ১৯৭৮ সালে ১৭২টি ধর্মঘট ও ২০২টি লক-আউটের ঘটনা ঘটে। লে-অফের ব্যাপারে অবস্থার যথেষ্ট উন্নতি হয়েছে। ১৯৭৭ সালে লে-অফ হয়েছিল ৩৬৭টি ক্ষেত্রে এবং এর সঙ্গে জড়িত ছিলেন ১,২২,০৪৪ জন শ্রমিক, আর ১৯৭৮ সালে সেটা কমে গিয়ে লে-অফ হয় ২৪০টি ক্ষেত্রে যার সঙ্গে জড়িত ছিলেন ৯১,৭৯৭ জন শ্রমিক। এ বছরে ছাঁটাই ক্ষেত্রেও নিম্নমুখী ধারা লক্ষ্য করা গেছে। ১৯৭৭ সালের যেখানে ১৪৮টি ছাঁটাইয়ের ক্ষেত্রে ২,১৭৭ জন ব্যক্তি জড়িত ছিলেন, এ বছর সেখানে ৯৬টি ছাঁটাইয়ের ক্ষেত্রে ২,১০৯ জন ব্যক্তি জড়িত ছিলেন। ১৯৭৮-৭৯ সালে শিল্প বিরোধ আইনে (১৯৪৭-৫-খ অধ্যায়) ছাঁটাই এবং লে-অফের ক্ষেত্রে যে অনুমতি দেওয়ার বিধান রয়েছে তা কোনও ক্ষেত্রেই দেওয়া হয় নি।

১৪। যাত্রী বহনকারী মোটর যান পরিবহণে নিযুক্ত প্রতিটি শ্রমিকের নিয়োগপত্র প্রদানের ব্যবস্থার জন্য রাষ্ট্রপতির সম্মতি নিয়ে পশ্চিমবঙ্গ রাজ্যে মোটর যান পরিবহন শ্রমিক আইন (১৯৬১) প্রয়োগের ক্ষেত্রে সংশোধিত হয়েছে। মাল বহনকারী মোটর যান পরিবহনে নিযুক্ত মোটর যান পরিবহণ শ্রমিকদের নিয়োগপত্র প্রদানের ব্যাপারে একইভাবে রাজ্য সরকারের একটি সংশোধনী প্রস্তাবে ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের সম্মতি পাওয়া গিয়াছে।

এ বিষয়ে বিধানসভার বর্তমান অধিবেশনে আমি একটি বিল উত্থাপন করতে চাই। এই সমস্ত উদ্যোগ এই রাজ্যের এক বিরাট সংখ্যক মোটর যান পরিবহন শ্রমিকের চাকুরির নিরাপত্তা সুনিশ্চিত করবে।

১৫। নিম্নলিখিত সংস্থাগুলিতে এ বছরের মধ্যে ন্যূনতম মজুরি স্থির/সংশোধন করা হয়েছে ঃ (১) বোন মিলস শিল্প, (২) কাগজ ও স্ট্র-বোর্ড শিল্প, (৩) বিদ্যুৎচালিত তাঁত শিল্প, (৪) দর্জি শিল্প, (৫) চর্ম শিল্প, (৬) রবারজাত দ্রব্য শিল্প এবং (৭) ডালকল (ডাল মিলস)।

পঞ্চাশ জনের কম ব্যক্তি নিযুক্ত আছেন এমন ইঞ্জিনিয়ারিং সংস্থার ক্ষেত্রেও ন্যূনতম মজুরি স্থির করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ক্ষেতমজুরের জন্য স্থিরীকৃত ন্যূনতম মজুরির হার প্রবর্তনের জন্য ন্যূনতম মজুরি আইনের অধীনে ব্লকে নিযুক্ত পরিদর্শকরা তাঁদের চেষ্টা চালিয়ে যাচ্ছেন। কয়েকটি ক্ষেত্রে মহামান্য কলকাতা হাইকোর্ট থেকে কয়েকজন জোতদার স্থগিতাদেশ লাভ করায় কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যায় নি। সর্বোপরি কৃষি শ্রমিকরা এখনও যথাযথ সংগঠিত না হওয়া সবক্ষেত্রে নির্ধারিত মজুরি আদায়ে সক্ষম হন না।

১৬। প্রধানত ঠিকাদার মারফত বিড়ি তৈরি করে বিড়ি শিল্পের মালিকগণ বিড়ি ও সিগার শ্রমিক (চাকুরির শর্ত) আইন (১৯৬৬) এবং ন্যূনতম মজুরি আইন (১৯৪৮) অনুসারে তাঁদের দায়দায়িত্ব এড়িয়ে চলছেন। শ্রমিকরা যাতে উপরোক্ত আইনে সুবিধা লাভ করতে পারেন সেজন্য সরকার উপরোক্ত আইনগুলি সংশোধনের বিষয়ে বিবেচনা করছেন।

১৭। ১৯৭৮ সালে পশ্চিমবঙ্গে রেজিস্টার্ড কারখানার সংখ্যা দাঁড়ায় ৬,২৮৭তে। ১৯৭৭ সালে ঐ সংখ্যা ছিল ৬,১২৮। ১৯৭৮ সালে ২৭৯টি কারখানা তালিকাভুক্ত হয়েছে এবং এই সময়ের মধ্যে ১২০টি কারখানা তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ (নিরাপত্তা আধিকারিক) আইন, ১৯৭৮ রচনা করা হয়েছে এবং সরকার ১,০০০ বা ততোধিক শ্রমিক যুক্ত আছেন এমন ১৭৩টি কারখানা প্রতিটিতে একজন বা একাধিক নিরাপত্তা আধিকারিক নিযুক্ত করার জন্য বিজ্ঞপ্তি প্রচার করেছেন। এর ফলে এই রাজ্যে নিরাপত্তা আধিকারিক নিয়োগের ক্ষেত্র যথেষ্ট সম্প্রসারিত হয়েছে। কারখানাগুলির মধ্যে স্বেচ্ছামূলক নিরাপত্তা সংক্রান্ত কাজকর্ম প্রচারের জন্য বিভিন্ন স্থানে পাঁচটি নিরাপত্তা সংক্রান্ত সভার আয়োজন করা হয় এবং সভায় যথেষ্ট সংখ্যক পরিচালক ও শ্রমিক প্রতিনিধি উপস্থিত ছিলেন।

১৮। ১৯৭৮ সালে পশ্চিমবঙ্গ বয়লার পরিদর্শকবৃন্দ বয়লারের কাজকর্ম ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত সতর্কতা রক্ষা ও সারা রাজ্যে বেশ কিছু সংখ্যক বয়লার নির্মাণ তদারকির স্বাভাবিক কাজকর্ম করে গেছেন।

১৯। পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদের অধীনে এই রাজ্যের শিল্প ও বাগিচা এলাকায় ছাপ্পান্নটি শ্রম কল্যাণ কেন্দ্র কাজ করছে। গ্রাম এলাকায় কৃষি শ্রমিকদের অবসর বিনোদন ও সাংস্কৃতিক কাজকর্ম সংগঠনের জন্য চাঁপাডাঙা (হুগলি জেলা), চান্দরী (মেদিনীপুর জেলা), বুদবুদ (বর্ধমান জেলা), কেতুগ্রাম (বর্ধমান জেলা) এবং ফতেপুরে (মুর্শিদাবাদ জেলা) পাঁচটি কেন্দ্র স্থাপিত হয়েছে। বাকি গ্রাম এলাকাগুলিতে ক্ষেতমজুরদের জন্য আরও পাঁচটি শ্রমিক

কল্যাণ কেন্দ্র স্থাপনের প্রস্তাব চলতি আর্থিক বছরের পরিকল্পনার অন্তর্ভুক্ত হয়েছে। নারী শ্রমিকদের অবস্থার অনুসন্ধান, সমীক্ষা ও কাজকর্ম সংক্রান্ত সমন্বয়সাধনের উদ্দেশ্যে এবং নারী শ্রমিক সংক্রান্ত বিভিন্ন আইন যেমন সম মজুরি আইন, ন্যূনতম মজুরি আইন প্রভৃতি প্রবর্তনে তদারকি করার জন্য শ্রম অধিকারে একটি বিশেষ সেল গঠন করা হয়েছে।

২০। বর্তমান সরকার সর্বশক্তিতে বিরাট বেকার সমস্যা সমাধানের চেষ্টা চালাচ্ছেন। সেই পরিপ্রেক্ষিতে সরকার মনে করেন যে, চাকরির যতটুকু সুযোগ বর্তমান তা বেকারদের মধ্যে সমানভাবে বন্টিত হওয়া উচিত। সরকারের চাকরিতে লোক নিয়োগ সংক্রান্ত নীতিতে তা প্রতিফলিত হয়েছে। চাকরিতে নিয়োগ সংক্রান্ত নতুন নীতি অনুসারে রাজ্য সরকারি সংস্থা, সরকারি উদ্যোগাধীন সংস্থা, স্থানীয় সংস্থা প্রভৃতিতে কিছু নির্দিষ্ট শ্রেণী ছাড়া কর্মনিয়োগ কেন্দ্রের মাধ্যমে বাধ্যতামূলকভাবে কর্মনিয়োগের ব্যবস্থা করা হচ্ছে। বেসরকারি ক্ষেত্রের নিয়োগকারীদেরও কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে লোকগ্রহণ করতে অনুরোধ করা হয়েছে। সুখের বিষয় যে, এই রাজ্যে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর এ পর্যন্ত ১৮,০০০-এরও বেশি বেকার ব্যক্তিকে কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে কাজ দেওয়া সম্ভব হয়েছে।

২১। নতুন কর্মসংস্থান নীতির প্রবর্তনের ফলে অতীতে অনাদৃত জাতীয় কর্মনিয়োগ কৃত্যক কর্মনিয়োগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে চলেছে। এই উদ্দেশ্যে জাতীয় কর্মনিয়োগ কৃত্যককে বিজ্ঞানসম্মত পন্থায় পুনর্গঠিত করা হয়েছে। বেকারদের মনে এর ফলে আস্থার সঞ্চার হয়েছে এবং তাঁরা যাতে তাঁদের সময় এলে চাকরির সুযোগ পান সেজন্য অধিকতর সংখ্যায় কর্মনিয়োগ কেন্দ্রগুলিতে নিজেদের নাম রেজিস্ট্রি করতে আসছেন। ৩১শে ডিসেম্বর ১৯৭৮ তারিখে চালু রেজিস্টারে তাঁদের সংখ্যা ছিল ১৭ লক্ষ, পূর্বের বৎসরে সে সংখ্যা ছিল ১৩ লক্ষ। ৩০এ জুন ১৯৭৮ তারিখে চালু রেজিস্টারে শিক্ষিত বেকাররাই ছিলেন শতকরা ৪৫.৬ ভাগ। রাজ্যে শিক্ষিত যুবকদের মধ্যে কর্মহীনতার ব্যাপকতাই এ থেকে সূচিত হচ্ছে।

২২। মধ্যে মধ্যে কর্মনিয়োগ কেন্দ্রগুলির কার্য পর্যালোচনার এবং সেগুলির কার্যবিধির উন্নয়নের জন্য ব্যবস্থাদির সুপারিশের জন্য এবং কর্মনিয়োগ কেন্দ্রগুলি কর্তৃক প্রার্থীর নাম প্রেরণে কোনও অনিয়ম যাতে না ঘটে তা দেখার জন্য স্থানীয় এবং /অথবা পার্শ্ববর্তী অঞ্চলের বিধানসভা সদস্যদের নিয়ে প্রতিটি কর্মনিয়োগ কেন্দ্রে উপদেষ্টা কমিটি ইতিমধ্যে গঠিত বা পুনর্গঠিত হয়েছে।

২৩। এই রাজ্যের যুব এবং গণতান্ত্রিক আন্দোলনের দীর্ঘদিনের দাবি হল বেকারভাতা লাভের অধিকার। ১৯৭৮ সালের ১লা এপ্রিল থেকে বেকারভাতা প্রকল্প প্রবর্তনের মাধ্যমে সরকার সে দাবি পূরণ করেছেন। বর্তমান আর্থিক বৎসরে প্রদেয় বেকারভাতা প্রদানের কাজ আগামী ৩১এ মার্চের মধ্যে শেষ করা যাবে আশা করা যাচ্ছে। ১৯৭৮-৭৯ সালে বেকারভাতা প্রাপকের সংখ্যা দাঁড়িয়েছে ১,৪৪,২৭৪ জন। ১৯৭৯-৮০ সালে আরও ৫০,০০০ কর্মহীন ব্যক্তি এই প্রকল্পের আওতাভুক্ত হবেন বলে অনুমিত হয়। এর ফলে বেকারভাতা প্রাপকদের মোট সংখ্যা দাঁড়াবে প্রায় দুই লক্ষ। বর্তমানে এই প্রকল্পের অধীনে কেবলমাত্র ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার মাধ্যমে বেকারভাতা প্রদানের ব্যবস্থা চালু রয়েছে। দুর্গাপুর ও অন্যান্য

কয়েকটি অঞ্চলে এই ব্যাঙ্কের শাখাগুলি বিপুল সংখ্যক প্রাপকদের প্রয়োজন মিটিয়ে উঠতে পারছে না। সেজন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, অন্য কয়েকটি ব্যাঙ্ক ও সমবায় সংস্থাকে এই প্রকল্পের সুষ্ঠু রূপায়ণের জন্য সহায়তা করতে অনুরোধ করা হবে। বর্তমানে যে পদ্ধতিতে প্রাপকদের টাকা দেওয়ার প্রথা চালু রয়েছে তার সঙ্গে জড়িত সমস্যাবলির বাস্তব পর্যালোচনার ভিত্তিতে কয়েকটি ক্ষেত্রে সরাসরি নগদে টাকা দেওয়ার জন্য একটি বিশেষ ব্যবস্থাও সরকারের বিবেচনাধীন রয়েছে।

২৪। বেকারভাতা প্রদানের ব্যাপারে প্রশাসনিক ব্যবস্থার কাজ সমাপ্ত করে প্রাপকদের কিভাবে কাজে লাগানো যায় সে সম্বন্ধে কয়েকটি পদ্ধতির কথা সরকার বিবেচনা করেছেন। গ্রামাঞ্চলের বহুমুখী উন্নয়নের জন্য যে বিপুল কর্মসূচি গৃহীত হয়েছে এবং এতদুপলক্ষ্যে যেপরিমাণ অর্থের সংস্থান করা হয়েছে তার কথা বিবেচনা করে এরূপ ধারণা পোষণ করা যেতে পারে যে, সীমিত সময়ের জন্য হলেও গ্রামাঞ্চলে বেকার ব্যক্তিদের জন্য সহজেই কিছু-না-কিছু লাভজনক কর্মের সংস্থান করা সম্ভব হবে। গ্রামাঞ্চলে পঞ্চায়েতের উপর সমস্ত উন্নয়নমূলক কাজের দায়িত্বদানের যে সিদ্ধান্ত সরকার নিয়েছেন তারই পরিপ্রেক্ষিতে স্থির করা হয়েছে যে, গ্রামীণ কর্মসূচি এবং অন্যান্য সামাজিক ও সমষ্টি উন্নয়নমূলক কাজকর্ম রূপায়ণের ব্যাপারে যাতে বেকারভাতা প্রাপকদের যথাযথভাবে কাজে লাগানো যায় সেই উদ্দেশ্যে ব্লক বা পঞ্চায়েতওয়ারী বেকারভাতা প্রাপকদের তালিকা নিকটতম কর্মবিনিয়োগ কেন্দ্র মারফত স্থানীয় পঞ্চায়েতের নিকট পাঠানো হবে। অনুরূপভাবে, শহরাঞ্চলে সমাজ উন্নয়নমূলক ও সমষ্টি উন্নয়নমূলক যেসব প্রকল্প গ্রহণ করা হয়েছে সেসব প্রকল্পে বেকারভাতা প্রাপকদের কাজে লাগাতে হবে যেমন—বয়স্ক শিক্ষা প্রকল্প, শিশুদের জন্য সাধারণ শিক্ষা ব্যবস্থা, জনস্বাস্থ্য সংক্রান্ত সাধারণ বিধিব্যবস্থাসমূহ এবং শহরতলি উন্নয়ন প্রকল্প। পৌরসভাসমূহের অন্তর্ভুক্ত এলাকাভিত্তিক বেকারভাতা প্রাপকের তালিকা পৌর কর্তৃপক্ষের নিকট পাঠাবার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উপযুক্ত কর্তৃপক্ষ এলাকার বেকারভাতা প্রাপকদের গঠনমূলক ও উন্নয়নমূলক কাজে নিয়োজিত করবেন।

২৫। প্রসঙ্গত এ কথা উল্লেখ করা যেতে পারে যে, মূল বেকারভাতা প্রকল্পে প্রাপকদের সপ্তাহে দুই দিন কাজে লাগানোর যে পরিকল্পনা ছিল তাকে বাস্তবে রূপায়িত করা সম্ভব হয় নি। এই কারণে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, সারা বৎসর ধরে সপ্তাহে দুই দিন কাজ করানোর পরিবর্তে একজন প্রাপককে দুই অথবা তিন খেপে নিরবচ্ছিন্নভাবে ৫০ অথবা ৩৩ দিনের জন্য কাজে নিয়োগ করা হবে। অবশ্য এর মধ্যে ছুটির দিনগুলি বাদ যাবে। এইভাবে কর্মে নিযুক্ত থাকাকালীন সময়ে প্রত্যেক প্রাপককে তাদের মাসিক ভাতা ছাড়াও উপযুক্ত পরিমাণে বাড়তি পারিশ্রমিক দানের ব্যবস্থাও করা হচ্ছে।

২৬। আধা-শহর ও গ্রামাঞ্চলের কর্মপ্রার্থীদের প্রয়োজন মেটাবার জন্য আটটি কর্মসংস্থান কেন্দ্র এবং ৩২টি কর্মসংক্রান্ত তথ্য ও সহায়তা কেন্দ্র খোলার মঞ্জুরি দেওয়া হয়েছে এবং সেগুলি এখন রূপায়ণের পথে। বৃত্তিমূলক নির্দেশনা সম্প্রসারণ কর্মসূচির আওতায় দার্জিলিঙে তফসিলভুক্ত সম্প্রদায় ও আদিবাসীদের জন্য একটি শিক্ষণ তথা নির্দেশন কেন্দ্র মঞ্জুর করা হয়েছে। ১৯৭৯-৮০ সালের জন্য পরিকল্পনা কর্মসূচি অনুযায়ী মহকুমা সদরে এবং ব্লকে ছয়টি